

# अया कुत्रचान गिशि

#### ইলমি তাজউয়ীদ সম্পাদনায়

## শাইখ হাফিয ক্বারী আব্দুল হক

সভাপতি, হুফ্ফাযুল কুরআন ফাউভেশন বাংলাদেশ

#### দু'য়া ও নজরে ছানী

### মাওলানা খালিদ সাইফুল্লাহ্ আইয়ুবী

খতীব, গাউসুল আযম জামে মসজিদ, ১৩নং সেক্টর, উত্তরা, ঢাকা। উপদেষ্টা, সহীহ্ তা'লীমূল কুরআন ফাউন্ডেশন, উত্তরা, ঢাকা।

#### শান্দিক অর্থ ও তরজমা সম্পাদনায় হাফিয় মাওলানা মুফতী আলাউদ্দীন আফ্রিকী

সাবেক শাইখুল হাদীস, জামিয়া মালিকা, থোখা, মালাভী, সেন্ট্রাল আফ্রিকা মুহাদ্দীস, দারুল উলুম মাহ্মূদিয়া মাদ্রাসা, বৌরা, লঞ্জীপাড়া, খিলক্ষেত, ঢাকা।

#### সংকলনে

আন্তর্জাতিক কুরআন শিক্ষার গবেষক ও ডিজিটাল সিস্টেমে কুরআন শিক্ষার উদ্ভাবক

### আলহাজ্ব মাওলানা ক্বারী মোঃ সেলিম

প্রতিষ্ঠাতা ও চেয়ারম্যানঃ সহীহ্ তা'লীমুল কুরআন ফাউন্ডেশন নিয়মিত আলোচকঃ বাংলাদেশ বেতার। পরিচালকঃ এসো কুরআন শিখি অনুষ্ঠান, মাই টিভি অফিসঃ বাড়ী ৩৯, রোড ১৬, সেক্টর ১৪, উত্তরা, ঢাকা। মোবাইল ঃ ০১৭৫৭৪১২৭৫৮, ০১৯১৯১৯৫৩২৪-৬

হাদিয়া : ২০০/- টাকা মাত্র

### সহীহ্ তা'লীমুল কুরআন ফাউন্ডেশনের অনুমোদনের সনদ পত্র

Issue No. 2339 Date:08/10/2015



# **Certificate of Registration of Societies** (under Act XXI of 1860)

No. S-12245/2015

I hereby certify that SAHIH TA'LIMUL QURAN FOUNDATION has duly been filed and registered in this office under the Societies Registration Act, 1860.

Given under my hand atDhaka, this Eighth day of October two thousand and fifteen.

By order of Registrar

Assistant Registrar Registrar of Joint Stock Companies & Firms Bangladesh



 $\ensuremath{\text{\textsc{N.B.}}}$  This certificate is digitally signed. Please find the soft copy to verify the signature.

#### এসো কুরুআন শিখি

## সূচীপত্ৰ

সংখ্যা	বিষয়	পৃষ্ঠা
>	সহীহ্ তা'লীমুল কুরআন ফাউন্ডেশনের কার্যক্রম সমূহ	২
2	ইলমুত তাজউয়ীদ	9
9	আরবী হরফ পরিচিতি	8
8	মোটা হরফের পরিচয়	Č
œ	মুরাক্কাব	৬
৬	হরকতের পরিচয় ও ব্যবহার	٩
٩	যবরের উচ্চারণ	ъ
ъ	শুধু মাত্র যবর দিয়ে বানান শিক্ষা	৯
৯	যেরের উচ্চারণ	30
20	শুধু মাত্র যবর এবং যের দিয়ে বানান শিক্ষা	22
22	পেশের উচ্চারণ, পাশাপাশি হরকতের উচ্চারণ এর পার্থক্য	25
25	শুধু মাত্র যবর, যের ও পেশ দিয়ে বানান শিক্ষা	20
20	তানউয়ীনের উচ্চারণ	\$8
\$8	জঝমের উচ্চারণ	20
36	জঝম ব্যবহারের মাধ্যমে বানান শিক্ষা	১৬
১৬	কুলকুলাহ এর পরিচয়, শব্দের মাধ্যমে কুলকুলাহ শিক্ষা	<b>۵</b> ۹
29	মাদ্দ এর হরফের পরিচয়, মাদ্দ লম্বা করার পরিমাণ	22
22	মাদ্দ এর হরফের পরিচয় (যবর দিয়ে)	28
79	মাদ্দ এর হরফের পরিচয় (যের দিয়ে)	20
२०	মাদ্দ এর হরফের পরিচয় (পেশ দিয়ে)	২১
২১	খাড়া যবর, খাড়া যের ও উল্টা পেশ এর ব্যবহার	२२
২২	লীনের হরফের পরিচয়	২৩
২৩	লীনের হরফ দিয়ে বানান শিক্ষা	২8
২৪	তাশদীদের পরিচয়	२৫
20	গুনাহ্'র পরিচয়	২৬
২৬	মাদ্দ এর সংক্ষিপ্ত পরিচিতি, এক আলিফ মাদ্দ এর পরিচয়	
২৭	তিন আলিফ মাদ্দ এর পরিচয়	২৯
২৮	চার আলিফ মাদ্দ এর পরিচয়	90
২৯	নূন সাকিন ও তানউয়ীন-এর পরিচয়	<b>%</b> -08
90	মীম সাকিন এর পরিচয়	৩৫
<b>%</b>	আল্লাহ শব্দের লাম পড়ার নিয়ম	৩৬

সংখ্যা	বিষয়	পৃষ্ঠা
৩২	র হরফ পড়ার নিয়ম	৩৭
99	মাশাআল্লাহ ও ইংশাআল্লাহ এর ব্যবহার	৩৮
<b>৩</b> 8	আনা শব্দ পড়ার নিয়ম, আলিফে যা-ইদাহ্	৩৯
90	তিলাওয়াতে ওয়াক্ফ করার নিয়মাবলী	80
৩৬	ছাকতাহ্-সহ ওয়াক্ফ সংক্রান্ত বিষয়	8२-8৫
৩৭	নুনে কুত্বনী	8৬
৩৮	হুরুফে মুক্বাতৃয়াত	89
৩৯	কুরআন মাজীদের সিজদা সমূহ	8৯
80	কালিমাহ সমূহ	৫০-৫২
82	আজান, ইক্বামাত ও জাওয়াব	৫৩
82	আজানের দু'য়া, ছানা	<b>68</b>
80	সূরাতুল ফাতিহা	99
88	স্রাতুল ফীল, স্রাতুল কুরাঈশ	৫৬
86	স্রাতুল মাউন, স্রাতুল কাউছার	৫৭
86	সূরাতুল কাফিরূন, সূরাতুল নাছর	<b>৫</b> ৮
89	স্রাতুল লাহাব, স্রাতুল ইখ্লাছ্	৫১
86	স্রাতুল ফালাকু, স্রাতুন নাস	৬০
৪৯	রুকু সিজদার তাস্বীহ্	৬১
60	তাশাহুদ,দরূদে ইব্রাহীম, দু'য়া মাসূরা ও দুয়া' কুনুৎ	৬২-৬৪
63	সালাম, তাওবা, মুনাজাত	৬৫
৫২	মৃত ব্যক্তির জানাযার দু'য়া সমূহ	৬৬-৬৮
৫৩	কবরের প্রশ্ন উত্তর	৬৮
€8	ঋণ থেকে মুক্তির দু'য়া, বিপদ হতে রক্ষার দু'য়া	৬৯
CC	আয়াতুল কুরসি ও সূরা বাকাুরার শেষ দুই আয়াত	90-93
৫৬	সূরা হাশরের শেষ তিন আয়াত	92
৫৭	গুরুত্বপূর্ণ কিছু বিষয়	90
<b>৫</b> ৮	মহান আল্লাহ্র সুন্দর নাম	৭৪-৭৯
৫৯	মাছনূন দুয়া সমূহ	ьо
७०	দৈনন্দিন প্রয়োজনীয় মাসআলা	b3-b0
৬১	মাখরাজ পরিচিতি	৮৪-৯৩
৬২	সিফাতের বিস্তারিত আলোচনা	\$8-\o\
৬৩	প্রশ্ন উত্তরে কুরআন শিক্ষা	705-770

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত, রেজিঃ নং-১২২৪৫

# সহীহ্ তা'লীমুল কুরআন ফাউন্ডেশন এর কার্যক্রম সমূহ

#### মাল্টিমিডিয়া কুরআন শিক্ষার কোর্স সমূহ:

\* जि. जारे. शि कार्म : २ मान गानी।

\* স্পেশাল কোর্স : ৬মাস ব্যাপী।

\* ছোটদের বিশেষ ক্লাস: ১বছর ব্যাপী।

\* ক্রিরাত, হাদার ও তাদউয়ীর তিলাওয়াতের বিশেষ প্রশিক্ষণ।

\* মুয়াল্লিম প্রশিক্ষণ কোর্স : ২মাস ব্যাপী।

\* মসজিদ ভিত্তিক ক্লাস : নিয়মিত ।

\* ফ্যামিলী কোর্সঃ ৩ মাস ব্যাপী।

\* স্কুল কলেজ বিশ্ববিদ্যালয় ও অফিসিয়াল কোর্স ।

\* কম্পিউটার কোর্স সমূহ: অফিস, গ্রাফিক্স, এডিটিং। (সর্বসাধারণের জন্য)

\* ভাষা কোর্সঃ ইংলিশ ও আরবী ভাষা শেখার বিশেষ কোর্স। (সর্বসাধারণের জন্য)

অত্যন্ত যত্নসহকারে আধুনিক ও ডিজিটাল পদ্ধতিতে পাঠদান

(অত্যন্ত গুরত্বপূর্ণ লোকদের জন্য)

(উচ্চ পর্যায়ের পেশাজীবি লোকদের জন্য)

(স্কুলের ছাত্র-ছাত্রীদের জন্য)

(সর্বসাধারনের জন্য)

(হাফিয়, কারী, আলিম-ওলামাদের জন্য)

(সর্বসাধারণের জন্য)

(বাসা বাড়ীতে)

(১ মাস ব্যাপী)



## এসো কুরআন শিখি হজ্ব ও উমরাহ্ কাফেলা

অত্র ফাউন্ডেশনের চেয়ারম্যান আলহাজ্ব মাওলানা ক্বারী মোঃ সেলিম এর পরিচালনায় যথাযথভাবে হজ্ব পালণসহ যেকোন সময় উমরাহু পালন করার বিশেষ সুযোগ রয়েছে।



## সহীহ্ তা'লীমুল কুরআন ফাউভেশন

অফিস : বাড়ী ৩৯, রোড ১৬, সেক্টর ১৪, উত্তরা, ঢাকা, মোবাইল: ০১৭৫৭৪১২৭৫৮

## ইলমুত তাজউয়ীদ

## رَبِّ زِدُنِی عِلْمًا

"হে প্রভু! আমার জ্ঞান বৃদ্ধি করে দাও" সূরা : ত্ব-হা-১১৪

#### ইলমুত তাজউয়ীদ:

তাজউয়ীদ শব্দের আভিধানিক অর্থ বিন্যাস, সুন্দর করা ও সাজানো। পারিভাষিক অর্থে যে ইলমের মাধ্যমে আল্-কুরআনুল কারীম এর প্রতিটি মাখরাজ ও সিফাত যথাযথভাবে জানা যায়, তাকে ইলমুত তাজউয়ীদ বলা হয়।

#### বিষয়বস্তু:

তাজউয়ীদ এর বিষয় বস্তু হলো كُوُفُ الْقُرُانِ বা কুরআন এর বর্ণমালা।

#### উদ্দেশ্য:

সহীহ্ভাবে কুরআন তিলাওয়াত করতে সক্ষম হওয়া এবং অর্থগত ও উচ্চারণগত বিকৃতি থেকে বেঁচে থাকা।

তাজউয়ীদ-দুই প্রকার: (১) তাত্ত্বিক (২) ব্যবহারিক।

তাত্ত্বিক: ইলমুত তাজউয়ীদ এর নিয়মাবলী জানা ও বুঝা।

ব্যবহারিকঃ তাজউয়ীদ এর নিয়ম-কানুন পুরো অনুসরণ করে কুরআন মাজীদ তিলাওয়াত করা।

কুরআন তিলাওয়াতের المَكْرُزُ বা ঢং রয়েছে যেমনः (১) كَرْزِيْلُ शीরে-शीরে। (২) كَرْزِيْلُ মধ্যম পন্থায়। (৩) كَرُو يُرُ দুত গতি বা তাড়াতাড়ি।

বি: দ্র: পাঠক পাঠিকাগণের দৃষ্টি আকর্ষণ করছি, আমরা অবশ্যই বাংলা, অংক, ইংরেজী বিষয়গুলো শেখার জন্যে একজন দক্ষ শিক্ষক রাখতে ভুল করিনা। কিন্তু আমরা মুসলমান হিসেবে আমাদের ধর্মগ্রন্থ কুরআন মাজীদ শেখার ব্যাপারে বেশিরভাগ লোকই একজন দক্ষ ক্বারী সাহেব এর নিকট যাওয়া প্রয়োজন মনে করি না। কোন রকম একজন শিক্ষক পেলেই আমরা তার কাছে কুরআন শেখা শুরু করে দিই। আমাদের সকলের উচিত কুরআন শেখার ব্যাপারে অবশ্যই দক্ষ একজন ক্বারীর নিকট পরিবারের স্বাইকে কুরআন শিক্ষা দেয়ার ব্যবস্থা করা, নিজের ভাষায় কুরআন বুঝার জন্য যথাযথ চেষ্টা করা এবং কুরআন অনুযায়ী জীবন গঠন করা। মহান আল্লাহ্ তা'য়ালা আমাদের স্বাইকে বিশুদ্ধভাবে কুরআন শিখে কুরআন বুঝে আমল করার তাওফীক দান করুন। আমীন ॥

#### আরবী হরফ পরিচিতি

#### পাঠদান নির্দেশিকা ঃ

আরবী হরফগুলো সঠিক উচ্চারণ করার জন্য প্রতিটি হরফকে আরবীতে বানান করে উচ্চারণ করলে তার সঠিক উচ্চারণ পাওয়া যাবে, তাই হরফের নিচে হরফের নাম বানান করে দেয়া হয়েছে।

\* যে হরফে ৪ লিখা আছে সে হরফটি ৪ আলিফ পরিমাণ লম্বা করে উচ্চারণ করতে হবে (তার সংখ্যা ১৫টি)। যে হরফে ১ লিখা আছে সে হরফটি ১ আলিফ পরিমাণ লম্বা করে উচ্চারণ করতে হবে (তার সংখ্যা ১২টি)। যে হরফে  $\mathbf x$  চিহ্ন আছে সে হরফটি উচ্চারণে লম্বা হবে না (তার সংখ্যা ২টি)।

جِيْمٌ. 8 چِيْمٌ. 8	ئا د	ئا د	با د	ر اَلِفُ x
3 1j	دَانْ <b>8</b>	کا <b>ن •</b> 8	A Lá	کا د
ضاد. 8	صادً. 8	ش . 8	سِيْنٌ • 8	(زَاعْ) زَاد
0	عَيْنُ 8 • عَيْنُ	عَيْنُ <b>8</b> عَيْنُ <b>8</b>	علا ه	2 J
گُورْدُ 8 كُورْدُ 8 كُورُدُ 8 كُورُ	مِيْمُ. 8 مِيْمُ. 8	كرة. 8	كاف. 8	8 . 8
আরবী হরফ মোট ২৯ টি	ي د	<b>چ</b> هَمُزَةٌ• x	<b>ک</b> ٤ له	وَاقُ • 8 قاقُ • 8

#### মোটা হরফের পরিচয়

আরবী ২৯ টি হরফের মধ্যে ৭টি মোটা হরফ আছে। তিলাওয়াত করার সময় মুখের ভেতর থেকে জিহ্বার সাহায্যে মোটা করে উচ্চারণ করতে হয়।

এ ছাড়াও আরো ২টি হরফ আছে, হরকত ব্যবহার অনুযায়ী কোন কোন সময় মোটা করে উচ্চারণ করতে হয়। এ ২টি হরফ হচ্ছে (১८) বিস্তারিত তাজউয়ীদ অধ্যায়ে পাওয়া যাবে।

বিঃ দ্রঃ নিচের ৮টি হরফ উচ্চারণ করার সময় অনেকেরই ঠোঁট গোল হয়ে যায়, মনে রাখতে হবে ঠোঁট গোল করলে এ হরফগুলো তার মাখরাজ এবং সিফাত থেকে সঠিকভাবে আদায় হয় না। পেশের উচ্চারণ ব্যতীত যবর এবং যেরের উচ্চারণ করার সময় ঠোঁটকে সোজা রেখে গোল না করে উচ্চারণ করতে হবে।

\* শুধু মাত্র 🥑 🖒 উচ্চারণ করার সময় ঠোঁট গোল করে উচ্চারণ করতে হবে।

\* ৩ তে, হরফ এবং হরকত উভয়টাই উচ্চারণ করার সময় ঠোঁট গোল করে উচ্চারণ করতে হবে।

#### পাশাপাশি হরফের উচ্চারণের পার্থক্য

0			ز	3
2	S		س	ص
3	当		ض	2
ظ	ض		上	ت
<u>ن</u>	<b>E</b>		اک	ق
<b>E</b>	3	Vyt	ز	ظ

## শুরাক্কাব

'মুরাক্কাব' অর্থ সংযুক্ত, মিলানো, একত্রিত করা। আরবী হরফ দিয়ে যখন আরবী বাক্য লিখা হয় তখন বেশীর ভাগ হরফের আসল রূপ থাকেনা, হরফগুলো মিলিত অবস্থায় হরফের ডান্দিকের মাথা দেখে চিনতে হয়।

২৯ টি হরফের মধ্যে ২২ টি হরফ শব্দের শুরুতে, মাঝে এবং শেষে (ﷺ) মুরাক্কাব বা সংযুক্ত হয়। যেমনঃ

# بنيتثفقسش صططح حجعفلكهم

طظ	صض	سش	فق	بنيتث
*	هم	112	عغ	جحخ

নিম্নের ৬টি হরফ শব্দের শুরুতে এবং মাঝে মুরাক্কাব হয় না ু কিন্তু শব্দের শেষে মুরাক্কাব হয়। যেমন ঃ \ ೨೨১১১

بشير	لنين	احمد
خوفا	الأهو	عزيز

হামঝাহ্ কোন সময় মুরাক্কাব হয়না। বিভিন্ন সময়
 হরফের উপরে নিচে বসিয়ে লিখা হয়।



ইআমাদের দেশে প্রচলিত কুরআন শিক্ষার সকল পদ্ধতিতেই বলা হয় ২২ হরফ মুরাক্কাব হয়। বাকি ৭ হরফ মুরাক্কাব হয় না। শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করছি, আসলে ২৮টি হরফই মুরাক্কাব হয়। শুধু মাত্র 🗲 হরফটি কোন ভাবেই মুরাক্কাব হয় না।

### ేక్ స్త- হরকতের পরিচয়

সহীহ্ভাবে তিলাওয়াত করার জন্য মাখরাজ এবং সিফাত যেমন জরুরী, ঠিক তেমনিভাবে হরকত তানউয়ীন, জঝম, তাশদীদ, মাদ্দ, লীন ও গুনাহসহ সকল তাজউয়ীদের ব্যবহারও জরুরী। বিশেষ ভাবে হরকতের উচ্চারণ করার সময় দেরি/লম্বা না হয় সেদিকে বেশি খেয়াল রাখতে হবে। কারণ হরকতের উচ্চারণ যথাযথভাবে না হলে কুরআন মাজীদ এর অর্থের পরিবর্তন ঘটে যায়।

সহীহভাবে তিলাওয়াত করার জন্য আরো ২টি শর্ত যেমনঃ ১.উচ্চারণের সময় মুখ ফাঁকা করে পড়তে হবে ২. জোরে জোরে পড়তে হবে

কুরআন মাজীদ এ ব্যবহৃত মোট ১১টি চিহ্ন রয়েছে যেমনঃ



১১টি চিহ্নের পরিচিতি যেমনঃ

- \* এক যবর, এক যের ও এক 🚨 পেশকে হরকত বলে।
- \* দুই 🚄 যবর, দুই 🥃 যের ও দুই 👺 পেশকে তানউয়ীন বলে।
- \* খাড়া 🔔 যবর, খাড়া ⊤ যের ও উলটা 🛎 পেশকে মাদ্দ এর হরকত বলে।
- 🚁 উপরের এই 🚣 চিহ্ন টি কে জঝম বলে এবং এই 举 চিহ্ন টি কে তাশদীদ বলে।

#### হরকতের ব্যবহার

যবর, যের, পেশ এটা ফার্সি ভাষা থেকে আসছে। আরবীতে যবরকে বলে ইইট যেরকে বলে ইটে পেশকে বলে ইটি

হরকত এক যবর, এক যের ও এক পেশকে বলে। হরকতের উচ্চারণ তাড়াতাড়ি পড়তে হয়।

### যবরের উচ্চারণ

- 🕸 যবরের উচ্চারণ করার সময় মুখ খোলা রেখে হা করে উচ্চারণ করতে হবে 🕸

خ	ت	ت	<u></u>	Í
5	ك	2	څ	خ
ض	ص	ش	سَ	ۯ
ت	ڠ	ع	当	7
ن	1	لَ	ک	قَ
	ي	ć	6	و

পাশাপাশি হরকতের উচ্চারণ এর পার্থক্য

ث ہ س	ق ↔ نی	ت ↔ ظ
<b>6</b> ↔ <b>ć</b>	ظ ← ز	<b>¿</b> ← ¿
<b>\$</b> + <b>\$</b>	É + 3	ص 🗝 سَ
चे ↔ टें	<b>څ ↔ ز</b>	دَ ↔ ض

#### শুধু মাত্র যবর দিয়ে বানান শিক্ষা



### যেরের উচ্চারণ

\* যেরের উচ্চারণ বাংলা ( $\overline{2} = \overline{1}$ ) কারের মত যেমন  $3\overline{4} + \overline{1} = \overline{1}$ 

🕸 যেরের উচ্চারণ করার সময় নিচের দিকে চাপ দিয়ে হালকা শক্ত করে উচ্চারণ করতে হবে 🕸

خ	ث	ب	ب	
ڔ	ڔٚ	ݢ	خ	<u>ح</u>
ض	صِ	شِ	سِ	ز
فِ	غ	ع	ظ	لِ
<u>ن</u>	7	ال	اي	ف
**	ي	۶	٥	و

#### পাশাপাশি হরকতের উচ্চারণ এর পার্থক্য

<u>س</u> +	ت	<u>خ</u> کے	قِ	ب ب
				ذ ↔ ز
چ <b>خ</b>	8	<b>→</b> زِ	چ	بس ٠٠٠
				<b>₹</b> → <b>ఫ</b>

## শুধু মাত্র যবর এবং যের দিয়ে বানান শিক্ষা

لَزِمَ	خسر	بيدك	علم
তা অপরিহার্য হয়েছে	সে ক্ষতিগ্রস্থ হয়েছে	তোমার হাতে	সে জ্ঞানার্জন করেছে
تبع	كَرة	رجم المحادة	سمع
সে অনুসরণ করেছে	সে অপছন্দ করেছে	সে রহম করেছে	সে শ্রবণ করেছে
সে প্রশান্তি লাভ করেছে	সে খেলেছে	সে বয়সে উপনতীহয়েছে	সে বরবাদ হয়েছে
সে খালি হয়েছে	সে খুশি হয়েছে	সে কবুল করেছে	সে ভয় করেছে
সৈ ভুলে গিয়েছে	সে বাকী থেকেছে	সৈ উপস্থিত হয়েছে	সে দূর্বল হয়েছে
সে প্রশংসা করেছে	्रिक्ट्रें अ मूर्वल रहार्	ক্তি সে অসুস্থ হয়েছে	সে মুখস্থ করেছে
সে আমল করেছে	সে নিকটবর্তী হয়েছে	সুতরাং সে	সে রাগ করেছে
সে ঠাটা করেছে	সে দায়িত্ব পালন করেছে	সে বেহুশ হয়েছে	সে হিসাব করেছে

#### পেশের উচ্চারণ

- পশের উচ্চারণ বাংলা (উ = এ) কারের মত যেমন ঃ ব + এ = বু
- \* পেশের উচ্চারণ করার সময় দুই ঠোঁট গোল করে মাঝখানে ফাকা রেখে হালকা শক্ত করে উচ্চারণ করতে হবে \*

ج	ه ا	ي	ب	٩
う	3	ے	جه.	ځ
خي	صُ	ش	شُ	ژ
ف	غ	عُ	造	Ľ
خ	ث ک ک ع پ	ت د ت	ب خ ش ش ک ک ک ک ک ک ک ک	حُ رُ فُ
**	ي	\$	<i>A</i> <b>D</b>	وُ

### পাশাপাশি হরকতের উচ্চারণ এর পার্থক্য

ٹ ↔ ش	1° ↔ °
\$ → €	3 + 3
€ + ¢	صُ ↔ ش
€ + € 3 + £	ک ← کُ
ضُ ﴿ خُلِ	S= → S=
3 → £	قُ ↔ نَيُ
≥ × ≥ 5	\$ → £

## শুধু মাত্র যবর, যের ও পেশ দিয়ে বানান শিক্ষা

তা খোলা হয়েছে	তা উত্তম হয়েছে	তা শ্রবণ করা হয়েছে	তাকে হত্যা করা হয়েছে
পাঠ করা হয়েছে	হিদায়াত দেওয়া হয়েছে	জমা করা হয়েছে	লেখা হয়েছে
করা হয়েছে	তাকে প্রেরণ করা হয়েছে	্র প্রে দূরবর্তী হয়েছে	তাকে অনুমতি দেওয়া হয়েছে
সে বঞ্চিত হয়েছে	তাকে সাহায্য করা হয়েছে	সে সম্মানিত হয়েছে	তাকে প্রহার করা হয়েছে
গিট লাগানো হয়েছে	তাকে হারানো হয়েছে	তাকে একত্রিত করা হয়েছে	তাকে পাওয়া গেছে
তাকে গণনা করা হয়েছে	হূত হৈ তুল কৰিছে	বোধগম্য হয়েছে	ভূড়ানো হয়েছে
তাকে সৃষ্টি করা হয়েছে	তাকে স্মরণ করা হয়েছে	তা অপছন্দ করা হয়েছে	সে দৃষ্টিপাত করেছে
কোন বিষয়ে জ্ঞানার্জন করা হয়েছে	তাকে রিথিক দেওয়া হয়েছে	তাকে দান করা হয়েছে	তা জমা করা হয়েছে

## ইنُولِيُّ - তান্টয়ীনের উচ্চারণ

দুই যবর 📁 দুই যের 🅌 দুই পেশকে 🍑 তানউয়ীন বলে।

(তানউয়ীন মূলত গোপনীয় নূন)

তানউয়ীনের ব্যবহার আমরা তাজউয়ীদ অধ্যায়ে শিখব। এখানে সাধারণভাবে তানউয়ীনের কিছু উদাহরণ দেওয়া হল।

### দুই যবরের উদাহরণ

اَسَفًا	ذُلُكً	سَلَمًا	کسگا	عُمَلًا
طَبَقًا	کستًا	ثمنا	عَرَضًا	حَرَمًا

## দুই যেরের উদাহরণ

لَبَنٍ	نفقة	گذیپ	بِقَبَسٍ	بِدُمْ
مِئةٍ	عنب	عَمَدٍ	خَبَرٍ	رقبة

## দুই পেশের উদাহরণ

حمر و	قطع	و و ھ سنرر	77[	بقرة
ظُلُنُّ	و و و	عبرة	عمل	و و وه

### জঝমের উচ্চারণ - سَاكِنَّ

(🚣 👛 🛆 ) হরফের উপরের চিহ্ন গুলোকে জঝম অথবা (সাকিন) বলে।

- \* জঝম ওয়ালা হরফ তার ডান দিকের হরকতের সঙ্গে একত্রে একবার পড়তে হয়।
- \* জঝমের উচ্চারণ বাংলা হসন্তের উচ্চারণের মত হয়। যেমন: (ইক্রাম)

اَحْ	آث	بَث	مَا
6]	آ آئی	آظ	آذ
اَعُ	اَش	جَزُ	آڻ
بَرُ	اَحْ	آنُ	آمُ
اِف	مَغُ	اِصْ	اَسُ
بَلُ	ئخ	نَتْ	ڠٛڵ
عَلْ	بغ	ڠُمْ	تَض
عُمْ	مُسْمُ	نُوُ	هُمْ

### জঝম ব্যবহারের মাধ্যমে বানান শিক্ষা

সুগন্ধি	অনর্থক হওয়া	্রেই চেষ্টা করা	সৃষ্টি করা
জমা করা	ঠাভা হওয়া	সহজ হওয়া	জু তু শ্ৰেণি কক্ষ
দাড় করানো হয়েছে	জু বু ও অন্ধরা	وَ الْفَتُحُ طَه	कुर्वे क्रिं अवश्रा
তুমি সম্মান করেছো	ভোমাকে স্পর্শ করে	্ব্র হার্ন হা্ন হার্ন হান্ন হার্ন হার্ন হার্ন হার্ন হার্ন হা্ন হা্ন হার্ন হার্ন হার্ন হার্ন হান্ন হান্ন হান্ন হান্ন হান্ন হান	তোমরা চেয়েছো
অর্ধেক	আপনি নন	জি. ১ কিছু সংখ্যাক	ও্রু বুলু একজন মোমেন
সে বের করেছে	আপনি অবকাশ দিন	স নিক্ষেপ করেছে	ত্তি তুলু একজন মুসলমান
त्र उच्चे ति एत्र प्रस्थान करतरह	তিনি ধ্বংস করেছেন	প্রকাশ পেয়েছে	(X) (M) A (A) (A) (A) (A) (A) (A) (A) (A) (A)
्र त्व राष्ट्	আমরা ইবাদাত করি	আমি ইবাদাত করি	প্রভাত হয়েছে
তুমি চিনবে	লাভ জনক হয়েছে	সে সাক্ষ্য দিচ্ছে	সে পান করে

## ইভিভি কুলকুলাহ এর পরিচয়

ক্বলক্বলাহ অর্থঃ পাল্টা আওয়াজ বা প্রতিধ্বনি। ক্বলক্বলার হরফ ৫টি। যথা ঃ 🗘 Č 👊 💪 Ö এ পাঁচ হরফে জঝম হলে কুলকুলাহ করে পড়তে হয়। যেমন-

أَقُ إِنَّ أَنَّ آَطُ إِطْ أَطْ الْبُ إِبْ أَبْ الْجُ إِلْجُ أَبُّ الَّهِ الَّهِ الَّهِ الَّهِ الْدُ

### শব্দের মাধ্যমে কুলকুলাহ শিক্ষা

্ত্র সেক্ষমতা রাখে	ত্র্যুর্ভি আমি কসম করছি	জঘণ্য হওয়া	তুমি পড়
ছোঁ মারা	সে আহার দিয়েছে	بَطْشَ ۱۹ههاه	कु ् १० ९ वैकि
्रेटी हैं। তুমি প্রহার কর	সে উপার্জন করেছে	তাদের পূর্বে	र्ज <b>े</b> इसि
গু ু ু ু	है विकेट इक्षाद्वत क्ष्म	প্রতিদান	্র্টিক্র সে তৈরী করে
অবশ্যই সে সফল হয়েছে	আপনাকে পেয়েছে	পুন্তু ক্রিন্তু সি যেন ডাকে	كرك আপনার বক্ষ

#### বি. দ্র.কুলকুলাহ করার দু'টি নিয়ম।

ك. ك এর আওয়াজ উপরের দিকে যাবে ২. ২ ে এর আওয়াজ নিচের দিকে যাবে। কুলকুলাহ উচ্চারণের আওয়াজ শব্দের মাঝে ছোট হয়, আর শেষে বড় হয়।

\*৩০ নম্বর পারার সূরা বুরুজে মোট ২২টি আয়াত আছে এর মধ্যে ২০টি আয়াতের শেষে ওয়াক্ফ করলে ২০টি কুলকুলাহ পাওয়া যাবে। ১১ নম্বর এবং ২২ নম্বর আয়াতে কুলকুলাহ নেই।

## মাদ্দ এর হরফের পরিচয়


মাদ্দ অর্থ টেনে পড়া, লম্বা করা, দীর্ঘ করা। হরকতের উচ্চারণ লম্বা করে পড়াকে মাদ্দ বলে।

মাদ্দ এর হরফ তিনটি যথা: যবরের বাম পাশে খালি আলিফ 🖵 মাদ্দ এর হরফ। যেরের বাম পাশে জঝম ওয়ালা ইয়া 🚅 মাদ্দ এর হরফ। পেশের বাম পাশে জঝম ওয়ালা ওয়াও 💃 মাদ্দ এর হরফ।

মাদ্দ এর হরফ হলে ডান দিকের হরকতের সঙ্গে এক আলিফ লম্বা করে পড়তে হয়। যেমন- بَا بُوْ بِيْ

#### মাদ্দ এর হরফের মতই ৩ টি মাদ্দ এর হরকতের ব্যবহার রয়েছে

\* তিনটি মাদ্দ এর হরফের পাশা-পাশি আরও তিনটি মাদ্দ এর হরকত রয়েছে। এগুলোকে বলা হয় খাড়া যবর, খাড়া যের, উল্টা পেশ। উভয়টির ব্যবহার একই রকম। যেমনঃ



### মাদ্দ লম্বা করার পরিমাণ

- এক আলিফ লম্বার পরিমাণঃ দুটি হরকতের উচ্চারণ করতে যত
   সময় লাগে ততক্ষণ। যেমন ঃ ৄ ৄ ৄ = ।
- চার আলিফ লম্বার পরিমাণঃ আটটি হরকতের উচ্চারণ করতে যত
   সময় লাগে ততক্ষণ। যেমন ঃ ঠাঠাঠাঠাঠাক ল করিক

### যবরের বাম পাশে খালি ''আলিফ'' হলে এক আলিফ লমা করে পড়তে হয়।

حًا	جًا	ث	تًا	بَا
زا	رَا	ذا	15	خا
طًا	ضا	صا	شكا	سا
قَا	فَا	غا	عًا	ظًا
وَا	نا	مًا	Ý	كا
*	**	یًا	Ís	لهًا

#### শব্দের মাধ্যমে মাদ্দ শিক্ষা

আগুন	्री <b>विं</b> स्त्र वतलएइ	<b>گان</b> স ছিল	্রের্টি সে তাওবা করেছে
ইবাদাত কারী	قُو الْبُ	হিংসা কারী	সে ভয় পেয়েছে
ذَامَالٍ مناسباء	कु <b>िं</b> द्वलगाड़ी	्राह्म (त्र रुख़ारू	صَوَابًا

#### যেরের বাম পাশে জঝম ওয়ালা ''ইয়া'' হলে এক আলিফ লম্বা করে পড়তে হয়।

حِيْ	جي	نِي	تِي	بي
زِيْ	رِيُ	ۮؚۑٛ	دِي	خي
طِي	ضِي	صي	ښي	سِني
في	في	غِيُ	عي	ظِي
وي	نِيُ	مِيْ	نِي	کِي
**	**	بي	ء د -کي	هِيُ

#### শব্দের মাধ্যমে মাদ্দ শিক্ষা

ু ু আমি আশ্রয় নিব	তুমি খাও	<b>ুঁ</b> আমরা দেখাবো	আমার ভাই
জু বু	রেশী	প্রশংসিত	کِ لَیْنِی سالمام دیم
ু ইট্ সতর্ককারী	گجري همالوق عبر	ইয়াতীম	বেষ্টনকারী

#### পেশের বাম পাশে জঝম ওয়ালা ''ওয়াও'' <u>হলে এক</u> আলিফ লম্বা করে পড়তে হয়।

حُوْ	جُو	نۇو	ثُو	بُورُ
زُو	رُوُ	ۮؙۅۛ	ۮؙۅٛ	جو د
طُو	ضُوْ	صُو	شُوُ	سُوُ
_ 9	9	0	- 9	الا ال
ڠُو	فُو	غُو	عُوْ	ظُو
قُوُ وُ	<b>ف</b> وُ نُو	غُوُ	عُوُ لُو نُو	ظو گُو

#### শব্দের মাধ্যমে মাদ্দ শিক্ষা

জান্নাতের হুর	حور	আলো	ئور نور	আত্মা	رُوْح
সংরক্ষিত	مَحْفُوظً	অস্তিত্ব	وجود	চুক্তিসমূহ	عُفُودٌ
তারা নিষেধ করে	يُمنَعُونَ	তারা আমল করে	يَعْمَلُونَ	প্রসিদ্ধ	مشهور

#### এসে৷ কুরুআন শিখি

#### খাড়া যবর, খাড়া যের ও উল্টা পেশ এর ব্যবহার

খাড়া যবর, খাড়া যের, উল্টা পেশকে এক আলিফ লম্বা করে পড়তে হয়।

## খাড়া যবর দিয়ে শব্দ গঠন

عَلَى	قَلَٰی	سَجٰی	الوي	المَنَ
رَملی	طغلي	عَسلی	عَطى	غوى

## খাড়া যের দিয়ে শব্দ গঠন

بِوَلَدِهِ	بِعَمَلِهِ	بيده	عَمَلِهِ	ط
خلله	بِوَرَقِهِ	اليته	بَلَدِه	هذه

## উল্টা পেশ দিয়ে শব্দ গঠন

مُعَهُ	á	كِتبُهُ	ختمه	عَمْلُهُ
وَثَاقَهُ	غلف	ۇرى	و و و و و و و و و و و و و و و و و و و	يرة

## ্র্যু – লীনের হরফের পরিচয়

লীন অর্থঃ নরম করা। লীনের হরফ ২টি যথাঃ যবরের বাম পাশে জঝম ওয়ালা ওয়াও ﴿
 তি যবরের বাম পাশে জঝম ওয়ালা ইয়া ﴿
 লীনের হরফ হলে ডান দিকের হরকতের
সঙ্গে নরম করে তাড়াতাড়ি পড়তে হয়। যেমন-

كُوُ	قو	دَوْ	خَوْ	تو	بَوُ
غو	شكو	مَوْ	طؤ	فَوْ	آو
جَوُ	وَوْ	سكۇ	رَوُ	لَوُ	حَوْ
ضُوُ	صَوْ	زَوُ	ذور	ثو	يَوْ
*	ئو	هَوُ	نو	عَوُ	ظُو
کی	قی و	دی	خی	تى	بی
غی	شکی	مکی	ظی	فی	أي
جَيْ	وَيُ	سکی	زئ	لَئِي	ځی
ضی	صنی	زی	ذي	تى	يئ
*	ئىك	هٔ	بر و نسی	عَیْ	ظی

## লীনের হরফ দিয়ে বানান শিক্ষা

कु नुंद	يرۇنھا ادا ادام	و <b>يُ</b> لِيُّ ۲۶۴	<b>زۇ</b> گا ھاب
আপনি কি দেখেছেন ?	كبوها هالالالالالالالالالالالالالالالالالال	আমরা দিয়েছি	वं के के विकास के किए
رُونِدًا الإلام الألام	তিনি তাকে হুকুম করেছেন	<u>                                    </u>	هُوْنًا عام عام الم
কোথায়	একরাত	ভূত ক্রিত আমার জাতী	سكو ف ههره
তাদের উপর	قۇسىيىن بېرى بېرە	আমরা হিদায়াত দিয়েছি	চারপাশে
আমরা দিয়েছি	্রিট্রিট্র পেরেক সমূহ	দুই চোখ	بوم آبوم
যেথায়	ভালাই	জুতু <mark>ত্ৰ</mark> কথা	কভাবে
ريس المال ال	क्लक	রাত	সফলতা সফলতা
একটি ঘর	কুরাইশ জাতী	গ্রীষ্মকাল	्र जिम्मा
অন্য কেউ	তার উপর	نوم <sub>پل</sub> م	्र ভ्र

## يُشْرِيْدُ তাশদীদের পরিচয়

আরবী হরফের উপর তিন দাঁত ওয়ালা চিহ্ন 📛 টির নাম তাশদীদ। তাশদীদ ওয়ালা হরফ দু'বার পড়তে হবে। প্রথমবার তার ডান দিকের হরকতের সঙ্গে মিলিয়ে, দ্বিতীয় বার তার নিজ হরকতের সঙ্গে।

যেমনঃ 🕮 🗀 + 👛 + 🧻

[4496 = =================================	+ - +		
আরাম দিয়েছেন	১১১ সে গণনা করেছে	শ্রু ১৯১১	সে নির্ধারণ করেছে
পৃথক করা হয়েছে	তাকে বঞ্চিত করা হয়েছে	সে অগ্রসর হয়েছে	স্ত্রোয়ন করেছে
কুল্মুল্ড ই মূল্যবান	السلام ۱۱۱ه بان	একত্রিত করা হয়েছে	्री पुर्वे एम जानक शैन श्राहरू
कु स्म अप	ق الله الله الله الله الله الله الله الل	রূপ্ত মুহাব্বত	असी असी
মক্কানিবাসী	তোমরা যার ইবাদাত কর	সে সংশোধন হয়েছে	সে পৃষ্ঠ প্রদর্শণ করেছে
قوي قاد المادة ا	প্র ব্যক্তিকাশ্য	একজন নাবী	জুনু কু অভিভাবক
ত্ত্ৰ ক্ৰিতাগা	श्रुव में प्रतिकृति	प्राचीय प्राचिमीर्थ कत्रत्व	জুনুহ একজন ধনী

১ তাশদীদের ডানে হরকত ছাড়া হরফ পড়া যায় না ২ তাশদীদের ডানে জঝম পড়া যায় না

### হুঁ গুনাহ'র পরিচয়

এখানে আমরা ওয়াজিব গুন্নাহ্ শিখবো বাকি ৫ প্রকার গুন্নাহ্ নূন সাকিন-তানউয়ীন ও মীম সাকিন এর অধ্যায়ে রয়েছে।

## গুরাজিব গুরাহ

হরকতের বামে নূনে 👸 অথবা মিমে 🌠 তাশ্দীদ হলে গুন্নাহ্ করে পড়তে হয়। একে ওয়াজিব গুন্নাহ্ বলে।

#### ত নূনের গুন্নাহ্

\* নূনের গুনুাহ্ করার সময় মুখ ফাঁকা রেখে গুনুাহ্ করতে হবে।

তারা হয়েছে	সে ধারণা করেছে	त्य र्ट्या
স্থিতিময় তুঁতি	ভুবে যাওয়া তারকা	मानूरवत जना سِ السَّاكِ
যেন তারা ত্রু তার্টি	আমি অবশ্যই তাকে জবাই করবো	সম্ভर জনক वैद्धि

### শীমের গুনাহ্

\* মীমের গুনুাহ্ করার সময় মুখ বন্ধ রেখে গুনুাহ্ করতে হবে।

বধীর 👸 🦻	কি সম্পর্কে	কি থেকে
অতপর 🗸	চাদর ত্রু ত্রু ত্রু	مُحَمَّدٌ
বহণকারী ব্রীজিব	আর যা খেকে	আর ফুর্

## মাদ্দ এর সংক্ষিপ্ত পরিচিতি

#### এক আলিফ মাদ্দ ৪ প্রকার

১. মাদ্দি ত্বায়ী (অর্থ: স্বভাবগত)	<ul> <li>মাদ্দি বাদাল (অর্থ: পরিবর্তন)</li> </ul>
২. মাদ্দি লীনি আ'রিদ্ব (অর্থ: নরম)	৪. মাদ্দি ই'ওয়াদ্ব (অর্থ: পরিবর্তে)

#### তিন আলিফ মাদ্দ ২ প্রকার

#### চার আলিফ মাদ্দ ৫ প্রকার

১. মাদ্দি লাঝিম হারফি মুখাফ্ফাফ্ (অর্থ:সহজ)	২. মাদ্দি লাঝিম হারফি মুছাক্কাল (অর্থ:কচিণ)	
৩. মাদ্দি লাঝিম কিলমি মুখা্ফফা্ফ	8. মাদ্দি লাঝিম কিলমি মুছাক্কাল	
৫. মাদ্দি মুত্তাসিল (অর্থ:সংযুক্ত)		

### এক আলিফ মাদ্দ এর পরিচয়

১. শাদ্দি ত্বায়ী ঃ মাদ্দ এর হরফ ও হরকত হলে এক আলিফ লম্বা করে পড়তে হয়। একে মাদ্দি ত্বায়ী বলে। যেমনঃ

ইবাদাত কারী	قُوا بِي	हिश्माकांরी	সে ভয় পেয়েছে
সতর্ককারী	تَجْرِيْ طالات عبد	একজন ইয়াতিম	বেষ্টনকারী
জু ৯ % ত্রিক্ত	গ্রু ক্রিড সমূহ	জান্নাতের হুর	আত্মা
عَلٰی قطع	সে অসম্ভ <sup>ত্ত</sup> হয়েছে	তেকে দিয়েছে	ত ১ ) আশ্রয় দিয়েছে

## ع. مَدُّ لِيُنٌ عَارِضٌ शिक लीन वा'तिष

লীন এর হরফের বামের হরফে ওয়াক্ফ মাদ্দি লীনি আ'রিদ্ব এক আলিফ লম্বা করে পড়তে হয়। যেমন ঃ

قوسين .	. في غذ	وَيُنِي.	يۇم.
قَوْنَ •	قُرَيْشٍ.	مَوْت.	خۇف.
صَيْفِ.	٠ شين	شَفَتَدُنِ.	عَيْنَيْنِ.

\*সূরা কুরাইশের চার আয়াতের শেষে ওয়াক্ফ করলে চারটি মাদ্দি 'লীন' পাওয়া যাবে।

## ত. گُنِکُلُّ মাদ্দি বাদাল

হামঝা'র সঙ্গে মাদ্দ এর হরফ/হরকত থাকলে একেই মাদ্দি বাদাল বলে। এটাও এক আলিফ লম্বা করে পড়তে হয়। যেমনঃ

الفي

ايُمٰنَا

أُومِنَ

أمَنَ

## মাদ্দি ই'ওয়াদ

দুই যবরের বামে ওয়াক্ফ মাদ্দি ই'ওয়াছ, এক যবর বাদ দিয়ে এক আলিফ লম্বা করে পড়তে হয়। যেমনঃ

كَيْدًا •	صَوْمًا •	زَوُجًا •	كِتَابًا •
صَوَابًا •	كرامًا .	لِبَاسًا •	حِسَابًا •

সূরা নাবা ও নাযিয়াত এর প্রায় আয়াতের শেষেই এই মাদ্দটি পাওয়া যাবে।

দুই যবরের বামে খালি আলিফ না থাকলেও ১ আলিফ লম্বা হবে যেমন: • এই

\* গোল তায়ে 🕏 দুই যবর হলে মাদ্দ হবে না, 🕏 হা সাকিন পড়তে হবে।

## তিন আলিফ মাদ্দ এর পরিচয়ঃ

## الله مَدُّ مُنْفَصِلٌ . د गािक पूरकािनलः

মাদ্দ এর হরফের উপর চিকন চিহ্ন বামে । হামঝাহ্ থাকলে, তিন আলিফ লম্বা করে পড়তে হয়, একে মাদ্দি মুংফাসিল বলে। যেমন ঃ -

قَالُوۤالِنَّا	لا اعبد	لآإلة
مآآغنى	يَدَآ اَبِي	يَايُّهَا الَّذِينَ
فِي آحُسنِ	عَلَى آعُقَابِكُمُ	إِنَّا أَعْطَيْنَكَ
وَمَا آرُسَلُنَا	وَمَا ٱوْتِي	عَلَى إِبْرَاهِيْمَ

## २. کُوْعَارِضٌ गािक वा'तिष

মাদ্দ এর হরফের বামের হরফে ওয়াক্ফ হলে, তিন আলিফ **লম্বা করে** পড়তে হয়, একে মাদ্দি **আ'**রিদ্ব বলে। যেমনঃ-


اَلسِّحُمٰق	م عنوش	حکیم ا
مُفَلِحُونَ	حساب ٥	تَعْلَمُونَ ٥
ابراهيم	يَفْعَلُونَ ٥	ر دنم
تَضُلِيُلٍ	يسجدن ٥	لايبغين ٥

#### চার আলিফ মাদ্দ এর পরিচয়ঃ

كَ الْمُ حَرُفُ مُخَفَّفً মাদ্দি লাঝিম হারফি মুখাফ্ফাফ্ ঃ হরফের উপর মোটা চিহ্ন বামে তাশদীদ না থাকলে, চার আলিফ লম্বা করে পড়তে হয়, একে মাদ্দি লাঝিম হারফি মুখাফ্ফাফ্ বলে। যেমন ঃ-

كهيعص	النز	ت	صّ	يس
طس	ق	عسق	خم	*

২. گُوْنَ مُوَنَّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَالِّهُمْ كُوْنِهُ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَنِّ كُوْنَ مُوَالِّهُمْ كَاللهِ اللهِ اللهُ اللهِ ا



ত كُلُمِيُّ مُخَفَّفٌ. अ सि लासिम किलमी मूখाक्काक् श मान এর হরফের উপর মোটা চিহ্ন বামে জন্ম থাকলে, চার আলিফ লম্বা করে পড়তে হয়, একে মান্দি লানিম কিলমী মুখাক্ফাক্ বলে। যেমনঃ

8. کُلُمِیُّ مُثَقَّلٌ মাদ্দি লাঝিম কিলমী মুছাকাল ঃ মাদ্দ এর হরফের উপর মোটা চিহ্ন বামে তাশদীদ থাকলে, চার আলিফ লমা করে পড়তে হয়, একে মাদ্দি লাঝিম কিলমী মুছাকাল বলে। যেমনঃ

جَ آجَ	حَاجِكَ	دَاتِةً	خَيالاً
كافة	تَحَضُّونَ	طَآمَّةُ	حاخة

ত্র <mark>মান্দি মুপ্তাসিল ঃ</mark> মান্দ এর হরফের উপর মোটা চিহ্ন বামে হামঝাহ থাকলে, চার আলিফ লম্বা করে পড়তে হয়, একে মান্দি মুপ্তাসিল বলে। যেমন ঃ

سَوَآءً	حاء	آلة الش	جَآءَ
أوالياك	2158m	قَائِمًا	فستاء

### নূন সাকিন ও তানউয়ীন-এর পরিচয়

चृन সাকিন জঝম ওয়ালা নূনকে বলে। 
 पूरे यবর, 
 पूरे যের,
 पूरे পেশকে তানউয়ীন বলে। 
 অথবা গোপনীয় নূন সাকিন বলে।
 নূন সাকিন ও তানউয়ীন ৪ প্রকারে পড়া যায়। যথাঃ

اِقُلاثِ عَلَيْهِ

हिंडी इम्नाम اظهار عادة

ইখফা'

#### ইকুলাব এর পরিচয়

ইকুলাব অর্থ ঃ পরিবর্তন করে পড়া, ইকুলাবের হরফ একটি যথাঃ — । নূন সাকিন ও তানউয়ীনের বামে ইকুলাবের হরফ আসলে শ্বারা পরিবর্তন করে গুন্নাহর সাথে পড়তে হয়। যেমন ঃ-

أنباك	مِنْ بُطُونِ	بَ <b>د</b> ُو و و	فَانُبِذُ
سُنْبُلْتٍ	مِنْ بَقْلِهَا	آنبنت	مِنْ بَعْضٍ
سَمِيْعٌ بَصِيْرٌ	جَنْةٍ <del>ب</del> ِرَبُوةٍ	قَوْلاَبَلِيْغًا	خَبِيرًا بَصِيرًا
ضَلْنٍ بَعِيْدٍ		زَوْجٍ بَهِيُجٍ	

- \* **ইক্লাব গুনাহ্ করার নিয়ম ঃ** ইক্লাব গুনাহ্ করার সময় দুই ঠোঁটের মাঝখানে চুল পরিমাণ ফাঁকা থাকবে (দুই ঠোঁট লাগে লাগে অবস্থায়)।
- \* উস্তাদের মুখের দিকে দেখে দেখে শিখে নিন \*

#### ইিদগাম এর পরিচয়

\* ইদগাম অর্থ ঃ মিলিয়ে পড়া। ইদগাম ২ প্রকার, যথা: ইদগামি বা-গুনাহ্, ইদগামি বিলা-গুনাহ্।

#### الْغَامُ بَغُنَّةً \* ইদগামি বা-গুন্নাহ এর পরিচয় \*

ইদগামি বা-গুনাহ অর্থ ঃ গুনাহর সাথে মিলিয়ে পড়া। বা-গুনাহর হরফ ৪টি

যথাঃ-

2 م و ت

#### এসে৷ কুরুআন শিখি

নূন সাকিন ও তানউয়ীনের বামে বা-গুনাহর হরফ আসলে গুনাহর সাথে মিলিয়ে পড়তে হয়। যেমনঃ-

مِيْقَاتًا يَيُوْمَ	عَينًا يُشرَبُ	مَنْ يُكْفُرُ	م و سیعورو من یفول
بِدُخَانٍ مُّبِيْنٍ	قَمَرًا مُينيرًا	مِنْ مُسَدٍ	مِنْ مُطَرٍ
نُوْجٍ وَعَادٍ	حَبًّا وَّنَبَاتًا	مِنْ وَ لِيِّ	مِنْ وَرقِ
عِظَامًانَّخِرَةً	جَدِو بيُّهُ ولا حَيْرٌ نُزلاً	مِنْ نُطْفَةٍ	مِنْ نُورٍ

\* বি.দ্র. একই শব্দে নূন সাকিনের বামে বা-গুনাহ্র হরফ আসলে গুনাহ্ হবে
না। এটাকে ইযহারি মুত্তলাক্ব বলে। যেমন ঃ-

صِنُوَانً قِنُوَانً بُنْيَانً دُنْيَا

### لَّ فَامُّ بِلَاغُنَةً **टेमगामि विला-छन्नाट এর পরিচয়**

ইদগামি বিলা-গুনাহ্ অর্থঃ গুনাহ্ ছাড়া মিলিয়ে পড়া। বিলা-গুনাহর হরফ ২টি 🜙 - 🔰

নূন সাকিন ও তানউয়ীনের বামে <mark>বিলা-গুনাহর</mark> হরফ আসলে গুনাহ্ ছাড়া মিলিয়ে পড়তে হয়। যেমনঃ-

مِنْرَبِ	آنُ رَّاهُ	مِنْ رُّحْمَةٍ
عيشة واضية	عَزِيْزٌ رَّحِيْمٌ	ثُمَرَةٍ رِّزُقًا
اَنُ لَّهُ يَرَهُ	لَئِنُ لَّمُ	مِنُ لَّدُنُ
وَيُلُّ لِّكُلِّ	قَسَمٌ لِّذِي	خَيْرٌ لَّهُ

#### এসে৷ কুরুআন শিখি

#### ইযহার এর পরিচয়

ইযহার অর্থ ঃ গুনাহ্ ছাড়া স্পষ্ট করে পড়া। ইযহার এর হরফ ৬টি যেমন ঃ

ঠ ঠ ১ ১ ১ নূন সাকিন ও তানউয়ীনের বামে ইযহার এর হরফ আসলে
গুনাহ্ ছাড়া স্পষ্ট করে পড়তে হয়। যেমন ঃ

نُوحًا هَدَيْنَا	مِنْهُ	عَذَابًا اليمًا	مَنُ الْمَنَ
نَارُّكَامِيَةً	مِنْ حِكْمَةٍ	عَذَابٌ عَظِيْمٌ	مِنْ عِلْمٍ
فُلَانًا خَلِيُلًا	مِنْ خَيْرٍ	اَجُرُّ عَيْرُ	مِنُ غِلٍّ

#### ইখফা এর পরিচয়

<mark>ইখফা অর্থ ঃ</mark> গোপন করা বা গুনাহ্ করা। ইখফার হরফ ১৫টি যেমনঃ-

## ت ث ج د ذر س ش ص ض ط ظ ف ق ك

নূন সাকিন ও তানউয়ীনের বামে ইখফার হরফ আসলে গোপন অথবা গুন্নাহ্ করে পড়তে হয়। <mark>যেমন </mark>ঃ-

قَولًا ثَقِيلًا	مَنُ ثَقُلَتُ	يَوْمَئِذٍ تُحَدِّثُ	فَمَنُ تَابَ
دَگّا دَگّا	مِنْ دُونِهِ	عَيْنَ جَارِيَةً	مِنْ جُوْعٍ
صَعِيدًا زَلَقًا	فَمَنْ زُحْزِحَ	نَارًا ذَاتَ	عَنْ ذَنْبِهِ
لِنَفْسٍ شَيْئًا	مِنْ شَرِّ	قَولًا سَدِيدًا	ننسخ
عَذَابًا ضِعُفًا	مَنْضُودٍ	صَنفًا صَنفًا	فَانْصَبُ

### এসে৷ কুরুআন শিখি

ظِلَّظٰلِيُلًا	يَنْظُرُونَ	قَوْمًا طَاغِيْنَ	مُقَنْظَرَةِ
كُتُبُ قَيِّمَةً	مِنُ قَبُلِ	قِتَالٍ فِيُهِ	يُنْفِقُ
بِدَمٍ كَذِبٍ	لَئِنْكَفَرْتُمُ	حَمُدًا كَثِيرًا	مِنْ كُتْبٍ

## \* ইখফা গুনাহ্ করার নিয়মঃ

ইখফা ২ প্রকারের গুন্নাহ্ হয় (১) পাতলা (২) মোটা। ইখফার ১৫টি হরফের মধ্যে ৫টি মুস্তালিয়ার হরফ বা মোটা হরফ আছে ( ܩܝܩܩܩ ) নূন সাকিন ও তানউয়ীনের বামে এ পাঁচটি হরফের কোন হরফ আসলে মোটা আওয়াজে গুন্নাহ্ করতে হবে। আর বাকি ১০ হরফের কোন হরফ আসলে পাতলা আওয়াজে গুন্নাহ্ করতে হবে।

## \* ইখফা গুন্নাহর আরেকটি নিয়মঃ

ইখফা গুনাহ্ করার সময় নূন সাকিন ও তানউয়ীনের বামে ইখফার যে হরফ আসবে গুনাহ্ করার সময় সে হরফের মাখরাজের কাছা কাছি থাকতে হবে। (উস্তাদগণের মুখের দিকে দেখে দেখে শিখে নিন)।

## নৃন সাকিন ও তানউয়ীনের হরফের পরীক্ষা

ইকুলাব, ইদগাম, ইযহার ও ইখফার হরফগুলো দেখে দেখে মুখস্ত করে নিন।

ইখফা	ইযহার	ইযহার	ইখফা	ইখফা	ইখফা	ইকুলাব
<b>্র্টি</b> ইথফা	ইখফা	<b>्रे</b> इथका	<b>্র</b>	ইখফা	ইদগামী বিলা-গুল্লাহ	<b>১</b> ইখফা
<b>ک</b>	<b>্র</b> ইখফা	ইখফা	ইযহার	ইযহার	ইখফা	ইখফা
্কু ইদগামী বা-গুন়াহ	<b>়</b> ইযহার	ইযহার	ইদগামী বা-গুন্নাহ	ইদগামী বা-গুন্নাহ	ইদগামী বা-গুন্নাহ	ইদগামী বিলা-গুন্নাহ

## মীম সাকিন এর পরিচয়

১. মীম সাকিন এর বামে <u></u>আসলে ঐ মীম সাকিন কে গুনাহ্ করে পড়তে হয়। একে ইখ্ফায়ি শাফাউয়ী বলে। ্রিট্রাইট্রিট্র

يَعْتَصِمْ بِاللَّهِ	وَمَاهُمْ بِمُؤْمِنِيْنَ
قُمْ بِإِذْنِ اللَّهِ	ترميهم بحجارة
فَاذَاهُمْ بِالسَّاهِرَةِ	صَاحِبُكُمْ بِمَجْنُونٍ
اِنَّ رَبِّهُمْ بِهِمْ	ورسوم ومراع ووو

২. মীম সাকিন এর বামে মীম শ আসলে গুনাহ্র সাথে মিলিয়ে পড়তে হয়। একে ইদুগামি শাফাউয়ী বলে। যেমনঃ-

اِلَيْكُمْ مُّرْسَلُوْنَ	عَلَيْهِمْ مَّطَرًا
وَالْمَنَهُمْ مِنْ خَوْفٍ	وَهُمْ مُهَاتَدُونَ
قُلُوبُهُمْ مَّا كَانُوا	اِنْهُمْ مُّبِعُونُونَ
عَلَيْهِمْ مُّؤْصَدَةً	وَمَاهُمْ مِّنْكُمْ

৩. মীম সাকিন এর বামে 

অথবা 
ব্যতীত অন্য হরফ আসলে মীম সাকিনকে স্পষ্ট করে পড়তে হয়। একে ইয্হারি শাফাউয়ী বলে। 

إَضْهَا الْمُهَا الْمُعْمَا الْمُعْرَاعُ الْمُعْمَا الْمُعْمِا الْمُعْمِا الْمُعْمِعِينَ عَلَيْهِمَا الْمُعْمَا الْمُعْمِا الْمُعْمَا الْمُعْمَا الْمُعْمِعِينَ الْمُعِمِينَ الْمُعْمِعِينَ الْمُعْمِعِينَ عَلَيْمِ الْمُعْمِعِينَ عَلَيْمِ الْمُعْمِعِينَ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمُ عَلَيْمِ عِلْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلِي عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْمِ عَلَيْم

## ব্রা। শব্দের এ পড়ার নিয়ম

শব্দের । কখনো মোটা, কখনো পাতলা করে পড়তে হয়। আঁ। শব্দের ডানে যবর অথবা পেশ হলে আল্লাহ শব্দের । (লাম) কে মোটা করে পড়তে হয়। আর আঁ। শব্দের ডানে যের হলে আল্লাহ শব্দের । (লাম) কে পাতলা করে পড়তে হয়।

শব্দের ডানে যবর হলে আল্লাহ শব্দের লামকে মোটা করে পড়তে হয়।

نَاقَةَ اللَّهِ	اَللّٰهُمّ	طلآ
قَالَ اللَّهُ	سَمِعَاللّٰهُ	مِنَ اللَّهِ

শব্দের ডানে পেশ হলে আল্লাহ্ শব্দের লামকে মোটা করে পড়তে হয়।

رَسُوْلُ اللَّهِ	نُورُ اللَّهِ	كَلَامُ اللَّهِ
إمْدَادُ اللَّهِ	يُرِيُدُ اللَّهِ	وَ تَقُواللُّهِ

শব্দের ডানে যের হলে আল্লাহ শব্দের লামকে পাতলা করে পড়তে হয়।

فِی دِیْنِ اللّٰهِ	بِسُمِ اللَّهِ	اَعُوذُ بِاللَّهِ
بَلِ اللّٰهِ	آمُرِاللّٰهِ	بنغمة الله

## া হরফ পড়ার নিয়ম

র () হরফটি পড়ার সময় নিয়ম অনুযায়ী দু'ধরণের আওয়াজ বা স্বরে পড়তে হয়। প্রথমত, র () মোটা আওয়াজে, দ্বিতীয়তঃ র () হালকা পাতলা আওয়াজে।

মোটা আওয়াজে পড়ার নিয়মঃ এ আওয়াজে উচ্চারণের সময় জিহ্বার গোড়ার অংশ উপরের দিকে কিছুটা উঠে যাবে। সে কারণে আওয়াজ কিছুটা গম্ভীর এবং মোটা হবে।

নিম্নের নিয়মগুলোতে ()) মোটা করে পড়তে হবে।

সংখ্যা	( ) মোটা পড়ার নিয়মাবলী	উদাহরণ
٥	() এর উপর যখন যবর হবে।	رَايُثُ - رَسُولُ
Q	() এর উপর যখন পেশ হবে।	رُسُلُ - كَفِرُونَ
•	( ) এ সাকিন এবং তার আগের হরফের উপর যখন যবর হবে।	يرْجِعُون - وَأَرُسَلَ
8	() এ সাকিন এবং তার আগের হরফে যখন পেশ হবে।	زُرْتُمُ الْمَقَابِرَ-تُرْجَعُ الْأُمُورِ
Œ	() এ সাকিন এবং তার পূর্বের হরফে যখন আ'রিদ্ব যের হবে।	مَنِ ارْتَضْ _رَبِّ ارْجِعُوْنَ
y	()) এ সাকিন এবং তার পূর্বের হরফে যের আর ()) হরফের পরের হরফে একই শব্দে মোটা হরফ আসলে।	مِرْصَادً-قِرْطَاسً
٩	() এ যদি ওয়াক্ফ করা হয় তার পূর্বের হরফে সাকিন এবং সাকিনের পূর্বের হরফে যবর অথবা পেশ হলে। কিন্তু ()) এর পূর্বে ইয়া সাকিন ব্যতীত।	سُرُور. شَهُر.

## (৴) হরফ পাত্লা পড়ার নিয়ম

সংখ্যা	( ৴ ) পাত্লা পড়ার নিয়মাবলী	উদাহরণ
۵	( ) ) হরফের নিচে যের হলে	ڔؚۯؙڡؖٵۦڔػؙڗؙ
ચ	() ) হরফে সাকিন এবং তার পূর্বের হরফে যের আসলি (আসল) হলে।	فِرُعَوْنَ-مِرْيَةً
•	() হরফে ওয়াক্ফ করার সময় তার পূর্বে ইয়া সাকিন হলে।	خَيْرٌ ـ سَيْرُ
8	( ) হরফে ওয়াক্ফ করার সময় তার পূর্বের হরফে সাকিন এবং সাকিনের পূর্বে যের হলে।	ذِكُرٌ. بِعُرٌ.

<sup>4</sup>র হরফের উচ্চারণে মোটা পাতলা একটি গুরত্ব পূর্ণ বিষয় রয়েছে, এ বিষয়টি বুঝার জন্য জিহ্বার একটি পরিপূর্ণ প্রশিক্ষণ প্রয়োজন। শিক্ষক এবং শিক্ষার্থীদের দৃষ্টি আকর্ষণ করছি, এ বিষয়ে উচ্চারণে ভাল এমন একজন দক্ষ উস্তাযের নিকট থেকে সরাসরি প্রশিক্ষণ নেয়ার জন্য বিনীতভাবে অনুরোধ করছি।

## মাশাআল্লাহ্ ও ইংশাআল্লাহ্ এর ব্যবহার

ইংশাআল্লাহ্: বাংলা কথার শেষে 'ব' ইংশাআল্লাহ্ বলিবা। • ﷺ ﴿ اللّٰهُ اللّٰمُ اللّٰهُ اللّٰمُ اللّٰهُ اللّٰهُ اللّٰمُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰهُ اللّٰمُ اللّٰمُ اللّٰهُ اللّٰمُ اللّٰمُلّٰمُ اللّٰمُ اللّٰمُ اللّٰمُ اللّٰ

মাশাআল্লাহ্: যখন সুন্দর/ভাল দেখিবো মাশাআল্লাহ্ বলিবো। ত আঁতি তি আল্লাহ তা'য়ালার সৃষ্টি জগতে কোন সুন্দর কিছু দেখিলে বলবো মাশাআল্লাহ্। অথবা কেউ কোন ভাল কাজ করলে তাকে বলবো মাশাআল্লাহ্। যেমন: (১) মক্কা ও মদিনা দেখতে খুবেই সুন্দর, মাশাআল্লাহ্। (২) এবার আন্দুর রহিমের জমিতে খুবেই ভাল ফসল হয়েছে, মাশাআল্লাহ্। (৩) সহীহ্ তা'লীমূল কুরআন ফাউন্ডেশনের মাল্টিমিডিয়া কুরআন শিক্ষার পদ্ধতি খুবেই সুন্দর, মাশাআল্লাহ্।

إِقْرَئُوا الْقُرُ أَنَ فَإِنَّهُ يَأْتِي يَوْمَ الْقِيَامَةِ شَفِيْعًا لِّأَصْحَابِهِ ٥

(মুসলিম)

খন্ড ২, পৃষ্ঠা ১৯৭ হাদীস ১৯১

তোমরা কুরআন তিলাওয়াত কর, কারণ, কুরআন কিয়ামাতের দিন তিলাওয়াত কারীর জন্য সুপারিশ করবে

## ্রিশব্দ পড়ার নিয়ম

শুধুমাত্র চার অবস্থায় আনা শদ লমা করে পড়তে হবে।

সূরা যুমারা,আয়াত- ১৭

اَنْ يَعْبُدُوْهَا وَ أَنَا بُوْ إِلَى اللهِ

সূরা আলি ইমরান,আয়াত-১১৯

وَإِذَا خَلُوا عَضُّوا عَلَيْكُمُ الْأَنَامِلَ مِنَ الْغَيْظِ

সরা ফুরক্বান আয়াত- ৪৯

وَّنُسْقِيَدُ مِمَّا خَلَقُنَا ٓ انْعَامًا وَّ انَاسِيَّ كَثِيرًا ٥

বি:দ্র: এ জাতীয় শব্দ মূলত আনা নয়, এখানে দুটি শব্দ রয়েছে, তা লম্বা করে পড়তে হবে।

সূরা মূলক,আয়াত- ৯ ুইটুট ট ইন্টিই টেই টেই টিই

## َ আলিফে যা-ইদাহ্

আলিফে যা-ইদাহ্ অর্থ:- অতিরিক্ত আলিফ। এতে লম্বা করা যাবেনা। এটা কুরআন মাজীদে মোট ২৪ জায়গায় আছে। এটা লিখতে ব্যবহার হবে পড়তে ব্যবহার হবে না। তবে এতে ওয়াকৃফ করলে এক আলিফ লম্বা হবে।

## তিলাওয়াতে ওয়াক্ফ করার নিয়মাবলী

আমরা কথা বলার সময় ছোট/বড় বিভিন্ন রকমের বাক্য দ্বারা কথা বলে থাকি। বড় কথার মাঝখানে দম ছেড়ে দিয়ে আবার কথা বলতে শুরু করি। যেখানে দম ছেড়ে দেই সে কথাটি লেখার সময় (।) দাঁড়ি বা (,) কমা দিয়ে থাকি। এ রকমভাবে সকল ভাষার মধ্যেই দাঁড়ি বা কমা রয়েছে। তেমনিভাবে কুরআন মাজীদ তিলাওয়াত করার সময়ও দাঁড়ি/কমা রয়েছে। এগুলোকে বলা হয় ওয়াক্ফ। কুরআন তিলাওয়াত অনেক ধরণের ওয়াক্ফ রয়েছে। নিম্নে কিছু ওয়াক্ফের বর্ণনা দেয়া হলো।

ক্ৰঃ	চিহ্নসমূহের নাম	ওয়াকফ করা/না করার বিবরণ
۵	(০) ওয়াক্ফে তাম	আয়াত শেষে এ চিহ্ন থাকলে ওয়াক্ফ করতে হবে।
Q	( 👌) ওয়াক্ফে লাঝিম	এ চিহ্নে ওয়াক্ফ করতে হবে, না হয় অর্থ পরিবর্তন হয়ে যাবে।
9	( 上 ) ওয়াক্ফে মুত্বলাক	এ চিহ্নে ওয়াক্ফ করা উত্তম।
8	( 🔁) ওয়াক্ফে জায়েয	এ চিহ্নে ওয়াকফ্ করা না করা উভয়ই জায়েয। (তবে ওয়াকফ করা উত্তম)
Č	( 🤰 ) ওয়াক্ফে মুজাওয়াজ	এ চিহ্নে ওয়াকফ্ করা না করা উভয়ই জায়েয। (তবে ওয়াকফ করা উত্তম)
3)	(্ৰ) ওয়াক্ফে মুরাখ্খাছ	এ চিহ্নে ওয়াক্ফ না করা উত্তম।
٩	(এই) ওয়াক্ফে আমর	এ চিহ্নে অবশ্যই ওয়াক্ফ করতে হবে।

### এসো. কুরুআন শিখি

ক্ৰঃ	চিহ্নসমূহের নাম	ওয়াক্ফ করা/না করার বিবরণ
ъ	এ ওয়াক্ফে ক্বীল আলাইহি	এ চিহ্নে ওয়াক্ফ না করা ভালো।
৯	পুলা ওয়াক্ফ আলাইহি	এ চিহ্নে ওয়াক্ফ করা যাবে না, তবে অনেক সময়ই ওয়াক্ফ করা যায়।
30	ওয়াক্ফ ওয়াছলে আওলা	এ চিহ্নে মিলিয়ে পড়া ভাল।
22	سكته ওয়াক্ফে সাক্তাহ	শ্বাস চালু রেখে আওয়াজ (১ আলিফ) পরিমাণ সময় বন্ধ রেখে তিলাওয়াত করবে।
১২	ভ্রাক্ফ	এ চিহ্নে ওয়াক্ফ করা যাবে।
20	মু-য়া'নাকাহ্	এ চিহ্নগুলো শব্দের দুই পাশে থাকে যে কোন একটিতে ওয়াক্ফ করবে।
\$8	و <b>قف نبي صلى</b> ওয়াক্ফে নাবী (সাঃ)	এ চিহ্নে থামা উত্তম।
\$&	<b>ূ قف غفر ا</b> ن ওয়াক্ফে গুফরান	এ চিহ্নে থামলে গুনাহ মাফ হয়।
১৬	و قف جبر । ئيل ওয়াক্ফে জিবরাঈল	এ চিহ্নে থামলে বরকত হয়।
<b>১</b> ٩	<b>بع</b> هِمِ ربع	এ চিহ্ন পারার এক চতুর্থাংশ 🔰 অংশ
<b>\$</b> b	نصف নিসফ	এ চিহ্ন পারার অর্ধাংশ 🗦 অংশ
১৯	्री डून्ड	এ চিহ্ন পারার তিন চতুর্থাংশ $\frac{2}{8}$ অংশ

## ছাকতাহ-এর বর্ণনা

অর্থ ঃ চুপ থাকা, এটিও একটি ওয়াক্ফের মত, তবে এটার নিয়ম ভিন্ন। কুরআন মাজীদ এ মোট ৪ জায়গায় আছে। দু'টি শব্দের মাঝখানে থাকে। এটা পড়ার নিয়মঃ প্রথম শব্দ বলার পর ১ আলিফ পরিমাণ আওয়াজ বন্ধ করে শ্বাস জারি রেখে পড়তে হয়।

مِنْ مَّرْ قَدِنَا سَكَةَ هُذَا	عو جًا سكتة قيمًا
সূরা ইয়াসিন, আয়াত-৫২	د ماياه, العالم عقر العالم
كَلَّا بَلْ سَكَة رَانَ	وَقِيْلَ مَنْ سَكِتِهِ رَاقٍ
সূরা মুতৃক্ফিফীন, আয়াত-১৪	সূরা কিয়ামাহ, আয়াত-২৭

## ওয়াক্ফ সংক্রান্ত কিছু জরুরী বিষয়

## আ'রিদ্বী সাকিনের পরিচয়:

## ওয়াক্ফের হরফে/আয়াতের শেষ হরফে কোথায় কি পড়তে হবে নিম্নে তা দেয়া হলো

\* এক যবর, এক যের, এক পেশ, দুই যের, দুই পেশ, খাড়া যের, উল্টা পেশ হলে ওয়াক্ফের হরফে/আয়াতের শেষ হরফে জঝম দিয়ে পড়তে হবে। যেমনঃ

এক যবর হলে	إِنَّآ اَعُطَينكَ اللَّوْثَرَ ٥
— এক যের হলে ∸	لَـكُمُ دِينَ كُمُ وَلِـيَ دِينِ وَالسَى دِينِ وَ
<u> এ</u> এক পেশ হলে — *	إِذَا جَاءَ نَصُرُ اللَّهِ وَالْفَتُحُ ٥
🥌 দুই যের হলে ∸	لِإِيْلْفِ قُرَيْشٍ ۞
🧏 দুই পেশ হলে 🛂	اِنَّهَا عَلَيْهِمْ مُّؤْصَلَةً ٥
— খাড়া যের হলে	وَامَّامَنُ أُوْتِيَ كِتْبَدُورَآءَ ظَهْرِم ٥
🏂 উল্টা পেশ হলে 🚣	اَلَّذِي جَمَعَ مَالًا وَّعَدَّدُهُ

আয়াতের শেষে জঝম ব্যবহারের কারণে কুলকুলার হরফ হলে কুলকুলাহ করে পড়তে হবে। যেমনঃ

قُ	خَلَقٌ	مِنُ شَرِّ مَا خَلَقَ ۞
ظ	عيظ	وَّاللَّهُ مِنْ وَّرَآبِهِمْ شُحِيْطٌ
ب	وَقَب	وَمِنُ شَرِّ غَاسِقٍ إِذَا وَقَبَ ۞
ج	الْبُرُوْج	وَالسَّمَاءِ ذَاتِ الْبُرُوجِ
2	حَسَدَ	وَمِنُ شُرِّ حَاسِدٍ إِذَا حَسَدَ ۞

আয়াতের শেষে জঝম ব্যবহারের কারণে মাদ্দ এর হরফ হলে এক আলিফ লম্বা করে পড়তে হবে।

## لَآالِهَ اللَّهُو ٥ لَآالِهَ اللَّهُو ٥ قُلُ أُوْحِي ٥ قُلُ أُوْحِي ٥ قُلُ أُوْحِي ٥

ওয়াকৃষ্ণ করার সময় যবর/যেরের বাম পাশে খালি *ও* থাকলে এক আলিফ লম্বা করে পড়তে হবে।

سَبِّحِ اسْمَرَتِكَ الْأَعْلَى وَلايَصْلَمَهَ الْآشَقَى وَ سَبِّعِ اسْمَرَتِكَ الْأَشْقَى

সূরা ত্বহা-৩০

هَارُونَ أَخِي °

وَيَتَعَبَّبُهَا الْأَشْقَى ٥

পেশের বাম পাশে খালি 🞐 থাকলে ওয়াক্ফ করার সময় এক আলিফ লম্বা করে পড়তে হবে।

## قُلِادُعُوا ٥ وَلَا تَقْتُلُوا ٥

আনা শব্দ ও আলিফে ঝা-ইদাতে ওয়াক্ফ করলে এক আলিফ লম্বা করে পড়তে হবে।

ওয়াকৃফ করার সময় আয়াতের শেষ হরফে তাশদীদ থাকলে, উচ্চারণে দেড় হরকত পরিমাণ সময় লাগবে।

اِنْسُ وَ لَا جَآنً وَ الَّذِي خَلَقَ فَسُوى و

لَهَا إِوَّتَ ٥ قَالَ فَا كُوَّ ٥ عَذَا الْمُسْتَقِدُ ٥

ওয়াক্ফ করার সময় আয়াতের শেষ হরফে জঝম থাকলে, জঝম-ই পড়তে হবে।

وَلا آنًا عَابِلٌ مَّا عَبَدُتُّمْ وَ فَصَلِّ لِرَبِّكَ وَانْحَرُ وَ

ওয়াকৃষ্ণ করার সময় আয়াতের শেষ হরফে 쏜 থাকলে এক যবর বাদ দিয়ে এক আলিফ লম্বা করে পড়তে হবে।

وَّخَلَقْنَكُمْ آزُوَاجًا ٥ وَّ جَنَّتٍ ٱلْفَافًا ٥

\* ৩০ নম্বর পারায় 'সূরা নাবা ও নাযিয়াত' এর অনেক আয়াতেই এ মাদ্দ রয়েছে

গোল তায়ে 🕏 দুই যবর হলে ওয়াক্ফ করার সময় মাদ্দ হবেনা 🕏 হা সাকিন পড়তে হবে।

تَصْلَى نَارًا حَامِيَةً ٥ لَاتُسْبَعُ فِيْهَا لَاغِيَةً ٥

ওয়াক্ফ করার সময় আয়াতের শেষ হরফে মাদ্দ এর হরফ থাকলে এক আলিফ লখা করে পড়তে হবে।

الى رَبِّكَ مُنْتَهْمَهَا ٥ وَادْخُلِيْ جَنَّتِيْ ٥ أَنَّ ٱسْلَمُوا ٥

\* ৩০ নম্বর পারায় সূরা আশ-শামসি এর পনেরটি আয়াতের শেষে পনেরটি মাদ্দ এর হরফ রয়েছে।

ওয়াকৃফ করার সময় আয়াতের শেষ হরফে 🖶 থাকলে এক আলিফ লম্বা করে পড়তে হবে।

فَأَمَّا مَنْ طَغَى ٥ وَالَّيْلِ إِذَا يَغْشَى ٥ وَالَّذِي قُلَّارَ فَهَلَى ٥

🏄 ওয়াক্ফের সাথে খালি 🕜 পড়তে হবেনা। ৩০ নম্বর পারায় 'সূরা আ'লা ও লাইল' এর অনেক আয়াতেই এ মাদ্দটি পাওয়া যাবে।

গোল তায়ে 🕏 ওয়াক্ফ করলে কোন নিয়মই চলবেনা। কুরআন মাজীদ এ ব্যবহৃত ১১টি চিহ্ন থেকে যে কোন চিহ্ন বসলেই তাকে হা 💰 সাকিন পড়তে হয়। যেমনঃ

بِأَيْدِي مَ سَفَرَهُ ۞

بِأَيْدِي مَ سَفَرَةٍ ۞

كُلَّا لَيُنْبَدَنَّ فِي الْحُطَبَةِ ٥ كُلَّا لَيُنْبَدَنَّ فِي الْحُطَبَةُ ٥

## ইমালাহ্

এই শব্দের 'র' এর খাড়া 'যের' বাংলা (এ-८) একারের মতো পড়তে হবে। এটাকে ইমালাহ্ বলে।

म्त्रा एम वत 83 नर जाग़ाज

( মাজরিহা এর পরিবর্তে মাজরেহা পড়তে হবে )

## قُطْنٌ नুনে কুতৃনী

\* নুনে কুত্নী: শব্দের শেষ হরফে তানউয়ীন আর দিতীয় শব্দের শুরুতে জঝম অথবা তাশদীদ থাকলে পূর্বের এবং পরের দুই শব্দকে মিলিয়ে পড়ার সময় দুই যবরের জায়গায় এক যবর, দুই যেরের জায়গায় এক যের, দুই পেশের জায়গায় এক পেশ পড়তে হয় এবং দুই শব্দের মাঝে একটি ছোট নূন 🖰 বসিয়ে নিচে যের দিয়ে পরের শব্দের সাথে মিলিয়ে পড়তে হয়। ওয়াক্ফ করলে নূনে কুত্নী পড়তে হয় না।

যেমন:(সূরা-ইখলাসের এ আয়াত ২টি মিলিয়ে পড়লে)

ওয়াক্ফ করে পড়লে	মিলিয়ে পড়লে
نُلُهُوَ اللَّهُ آحَلُ ﴿ اَللَّهُ الصَّبَدُ ۞	قُلُهُ وَاللَّهُ آحَدُ ۞ اللَّهُ الصَّبَدُ ۞

(সূরা-হুমাঝার এ আয়াত ২টি মিলিয়ে পড়লে)

وَيْلُ تِكُلِّ هُمَزَةٍ لُّمَرَةٍ لُمَزَةٍ إِ اللَّذِي جَمَعَ مَالًا وَّعَلَّدَةُ ٥

## শনটি কোথায় কি ভাবে পড়তে হবে

আয়াতুল কুরসী এর শেষে হবে কুর্টার্টা দুর্ঘার্টার তিনি আর

তিলাওয়াত এর শেষে হবে কুর্টার্টার্টার্টার্টার্টার তার শেষে হবে

মহান মর্যাদাবান আল্লাহ সভ্য বলেছে

আসভাগফিরুল্লাহ এর শেষে হবে কুর্টার্টার বিশ্বার তার শেষে হবে

আসভাগফিরুল্লাহ এর শেষে হবে

## श्रक्ष यूकु। اَلْحُرُوْنُ الْمُقَطَّعَاتُ ﴿ وَالْمُقَطَّعَاتُ

পবিত্র কুরআন মাজীদ এ মোট ১১৪ টি সূরা রয়েছে, এর মধ্যে ২৯ টি সূরার শুরুতে হুরুফে মুক্বাত্বয়াত রয়েছে। যার অর্থ আল্লাহ্ ও আল্লাহর রসূল ছাড়া কেউ জানতে পারে নি। এগুলোর মাহাত্ম্য আল্লাহ তা'য়ালাই ভাল জানেন। এগুলো তিলাওয়াত করার বিশেষ নিয়ম রয়েছে। এ হরফ গুলো তিলাওয়াত করতে হলে প্রতিটি হরফের আরবী বানান জানা থাকতে হবে। কারণ বেশ কিছু মুক্বাত্বয়াতের তাজউয়ীদ এর কায়দা অনুযায়ী, মাদ্দ, গুন্নাহ্সহকারে তিলাওয়াত করতে হয়। বিস্তারিত উস্তাদগণের নিকট থেকে জেনে নিতে হবে।

ক্রমিক	সূরার নাম	মুক্বাত্বয়াত
۵	সূরা বাকারা	الم
٦	সূরা ইমরান	الم
9	সূরা আ'রাফ	المص
8	সূরা ইউনূস	الز
Œ	সূরা হুদ	الز
ی	সূরা ইউসুফ	الز
٩	সূরা রা'দ	المقر
৮	সূরা ইব্রাহীম	الز
৯	সূরা হিজর	الن
30	সূরা মারইয়াম	CAUGI GRIEG
22	সূরা ত্বহা	ظه
32	সূরা ভয়া'রা	طسم

### এসো. কুরুআন শিখি

ক্রমিক	সূরার নাম	মুক্বাত্থাত
20	সূরা নাম্ল	طس
\$8	সূর কাসাস	طسة
\$6	সূরা আংকাবুত	الم
১৬	সূরা রম	الم
<b>١</b> ٩	সূরা লোকমান	الم
<b>\$</b> b-	সূরা সাজ্দাহ্	الم
১৯	সূরা ইয়াসীন	
২০	সূরা সদ	يس
۷۵	সূরা মু'মিন	خم
২২	সূরা হা মীম সাজ্দাহ্	خم
২৩	সূরা ভরা	्राणि क् <sub>रा</sub> र् - क् <sub>रा</sub> र्
<b>২</b> 8	সূরা যুখরুফ	خم
26	সূরা দুখান	خم
২৬	সূরা জাছিয়াহ	خم
২৭	সূরা আহ্ক্বাফ	خم
২৮	সূরা ক্বাফ	ق
২৯	সূরা কুলাম	Ŏ

## কুরআন মাজীদ এ মোট ১৪ টি সাজদাহ্ রয়েছে

কুরআন মাজীদ এ ১৪টি আয়াত আছে, যেগুলো তিলাওয়াত করলে সাজদাহ্ দিতে হয়। যারা তিলাওয়াত শুনবে তাদেরকেও সাজদাহ্ দিতে হবে। এক বৈঠকে একটি সাজদার আয়াত বার বার তিলাওয়াত করলে তিলাওয়াত শেষে একটি সাজদাহ্ দিলেই চলবে। (বিস্তারিত উস্তাদের নিকট থেকে শিখে নিন)

[সাজদাহ্ আদায় করা ওয়াজিব]

ক্রঃনং	সূরার নাম	পারা নং	আয়াত নম্বর
2	সূরা আ'রাফ	৯	শেষ আয়াত-১৬০
2	সূরা রা'দ	20	আয়াত-১৫
9	সূরা নাহল্	\$8	আয়াত-৫০
8	সূরা বানী ইসরাঈল	26	আয়াত-১০৯
C	সূরা মারইয়াম	১৬	আয়াত-৫৮
৬	সূরা হাজ্জ	<b>۵</b> ۹	আয়াত-১৮
٩	সূরা ফুরক্বান	১৯	আয়াত-৬০
ъ	সূরা নাম্ল	১৯	আয়াত-২৫
৯	সূরা সাজ্দাহ্	২১	আয়াত-১৫
30	সূরা সদ্	২৩	আয়াত-২৪
22	সূরা হা মীম সাজদাহ্	২8	আয়াত-৩৭
32	সূরা আন নাজ্ম	২৭	আয়াত-৬২
20	সূরা ইংশিক্বাকৃ	90	আয়াত-২১
\$8	সূরা আ'লাকু	90	আয়াত-১৯

## হুঁটে কালিমাহ সমূহ

হুঁনুটু - কালিমাহ ত্বইয়্যিবাহ (অর্থ: পবিত্র বাক্য)



**অর্থ ঃ** নেই কোন উপাস্য (ইবাদাতের উপযুক্ত) আল্লাহ ছাড়া, মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রসূল।

## 



অর্থ ঃ আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই। তিনি একক, তাঁর কোন অংশীদার নেই, আমি আরো সাক্ষ্য দিচ্ছি যে, হযরত মুহাম্মাদ (সাঃ) আল্লাহর বান্দা ও রসূল।

## مَامَةٌ تُوْحِيْلٌ কালিমা তাওহীদ <mark>অর্থঃ</mark> সম্মানিত বাক্য



মুহাম্মাদ (সাঃ) আল্লাহর রসূল। ধর্মভীরুদের ইমাম, তিনি জগতসমূহের প্রতিপালকের মহান দূত।

## কালিমাহ তামজীদ (অর্থ: সম্মান ও শ্রেষ্ঠত্বের ঘোষণা)



অর্থ ঃ হে আল্লাহ্ ! তুমি ব্যতীত কেউ উপাস্য নেই, তুমি জ্যোতির্ময়। তুমি যাকে ইচ্ছা আপন জ্যোতিঃ প্রদর্শন কর। মুহাম্মাদ(সাঃ) প্রেরিত নাবীগণের ইমাম এবং শেষ নাবী।

## اِيُكَانُ مُجِيلٌ ঈমানি মুজমাল (অর্থঃ সংক্ষিপ্ত ঈমান)



তাঁর গুণাবলী এবং তাঁর নামের সাথে তিনি যেমন আল্লাহ উপর আমি ঈমান আনলাম



আমি আল্লাহ ভায়ালার প্রতি তাঁর সমুদ্য নামের সাথে ও তাঁর যাবতীয় গুণাবলীর সাথে ঈমান আনলাম। আর তাঁর যাবতীয় আদেশ

## يَمَانٌ مُفَصَّلٌ अँমানি মুফাচ্ছল্ (অর্থ: বিস্তারিত বিশ্বাস)



এবং তাঁর কিতাব সমূহের (উপর) এবং তাঁর ফেরেশতাগণের (উপর) এবং আল্লাহর উপর আমি ঈমান আনলাম

# وشبه و البيوم الأخر و القائر خير و هر و مراد هم و مراد و مراد



মাউতের (মৃত্যুর)

পরে

পুনরুত্থানের (উপর)

এবং

সর্ব উচ্চ

আলাহ

হতে

অর্থ ঃ আমি ঈমান আনলাম আল্লাহর উপর এবং তাঁর ফেরেস্তাদের উপর এবং তাঁর কিতাব সমূহের উপর এবং তাঁর রসূলগণের উপর এবং ক্বিয়ামাতের দিনের উপর এবং তাকদীরের ভাল-মন্দ (কর্মফল) সর্বোচ্চ আল্লাহর পক্ষ থেকে (হয়) তার উপর এবং মত্যুর পরে পুনরুখানের উপর।

### হাদীস শারীফ

লজ্জা ঈমানের অঙ্গ ্রাফ্রার্ট্রা ত্রেই ক্রিট্রার্ট্র্র্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার্ট্রার



## جُوَابٌ - كِانَّ - اِقَامَتُ - جَوَابُ

داق را حدد	) = · · · · · · · · · · · · · · · · · ·
জাওয়াব	আযান
र्जित वैपाँ । स्वतारास वर्ष आञ्चार	চার বার সবচেয়ে বড় আল্লাহ
वैधी हैं। वैशिष्ट हैं। आच्चार राजींड डेशामा तर रा आमि माक्स मिछि	पूरे वांत आबाइ राजीं छेनामा तर य जामि माक्स मिछि
الشَّهَا اللهِ ا	पूरे বার আল্লাহর রস্ল মুহামাদ (সাঃ) যে আম সাক্ষ দিছি
لَاحُولَ وَ لَا قُوَّةً اللَّا بِاللَّهِ আল্লাহর অনুহাহ বাজীত কোন শক্তি নেই এবং কোন ক্ষমতা নেই	দুই বার নামাজের দিকে ভিপরে) আসুন
আল্লাহর অনুর্য়হ ব্যতীত শক্তি নেই এবং কোন ক্ষমতা নেই	प्रे वीत चेंडि चेंडि कम्मालंत (क्षित्र) पासून
ভাৰতি কৰিছ কৰেছেল এবং আগনি সভ্য বলেছেন	اَلْصَّلُوٰةُ خَيْرٌ مِّنَ النَّوْمِ النَّلُومُ النَّوْمِ النَّلُومِ النَّوْمِ النَّوْمِ النَّلُومِ النَّوْمِ النَّلُومِ النَّوْمِ النَّوْمِ النَّوْمِ النَّوْمِ النَّلِيْمِ النَّلُومِ النَّلِقُ النَّلِيْمِ النَّلُومِ النَّلُومِ النَّلُومِ النَّلُومِ النَّلُومِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ الْمِلْمِ النَّلِيْمِ النِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النَّلِيْمِ النِيْمِ النَّلِيْمِ الْمِلْمِ الْمِلْمِ الْمِلْمِ الْمِلْمِ الْمِلْمِ الْمِلْمِ الْمِ
ভিত্তিতি বিশ্ব ভিত্তিতি ভিত্তি ভিত্তিতি ভিত্তি ভিত্তিতি ভিত্তি ভিত্তিতি ভিত্তিতি ভিত্তিতি ভিত্তিতি ভিত্তিতি ভিত্তিতি ভিত্তি ভিত্তিতি ভিত্তি ভিত্তিতি ভিত্তি ভিত্তি ভিত্তিতি ভ	কুম্পুর্কি দুই বার ভাতীত তাঁত তাঁত নামাজ দাঁড়িয়েছে এ মুহুর্তে/নিচয়ই
সুন্ত । বিশ্বা সবচেয়ে বড় আল্লাহ্	দুই বার সবচেয়ে বড় আল্লাহ
শ্রু মূর্টা প্রান্তি আল্লাহ ব্যতীত উপাস্য নেই	এক বার আল্লাহ্ ব্যতীত উপাস্য নেই

অর্থ ঃ ১. আল্লাহ অতি মহান। (আল্লাহ অতি বড়)। ২. আমি সাক্ষ্য দিচ্ছি যে, আল্লাহ ছাড়া কোন উপাস্য নেই। ৩. আমি সাক্ষ্য দিচ্ছি যে, হযরত মুহাম্মাদ (সাঃ), আল্লাহর রসূল। ৪. নামাজের (সলাতের) দিকে আসুন। (জাওয়াব) নেই কোন আশ্রয়স্থল, নেই কোন শক্তি, আল্লাহ ছাড়া। ৫. কল্যাণের দিকে আসুন (জাওয়াব) নেই কোন কোক্ষা, নেই কোন শক্তি, আল্লাহ ছাড়া। ৬. ঘুম হতে নামাজ উত্তম। (জাওয়াব) আপনি সত্য বলেছেন এবং আপনি নেক কাজ করেছেন। ৭. এ মূহুর্তে নামাজ (সলাত) দাঁড়িয়েছে। (জাওয়াব) আল্লাহ উহা দাঁড় করিয়েছেন এবং উহা স্থায়ী করেছেন। ৮. আল্লাহ অতি মহান। (আল্লাহ অতি বড়)। ৯. আল্লাহ ছাড়া অন্য কোন উপাস্য নেই।

जायान এवः हेकामलित मधावर्जी प्रमास प्रायान अवः हेकामलित मधावर्जी प्रमास प्रायान अवः हेकामलित मधावर्जी प्रमास प्रायान प्रायान





করি এবং আপনার কাছেই সাহায্য চাই। 🕜 আমাদেরকে সরল-সঠিক পথ দেখান। ৬) ঐসব লোকের পথ, যাদেরকে আপনি নিয়ামত দান করেছেন। <u>৭)</u> ঐসব লোকের পথ নয়, যারা গজবপ্রাপ্ত এবং যারা পথভ্রষ্ট।




আর্থ ঃ ১) আপনি কি দেখেন নি! আপনার রব, হাতী ওয়ালাদের সাথে কেমন ব্যবহার করেছেন? ২) তিনি কি তাদের চক্রান্তকে ব্যর্থ (ভ্রন্ট) করে দেন নি? ৩) তাদের উপর ঝাঁকেঝাঁকে পাখি পাঠিয়েছেন। ৪) যারা তাদের উপর সিজ্জিল (নামক স্থান) হতে পাথরের কংকর নিক্ষেপ করেছিল। ৫) অতঃপর তাদেরকে চিবানো ঘাসের মত করে দিয়েছিলেন।

## সূরাতুল কুরাঈশ (অর্থ: কুরাঈশগণ) . يستورالله الرَّحْلُنِ الرَّحِيْمِ



আর্থ ঃ ১) যেহেতু কুরাঈশগণ অভ্যস্থ হয়েছে। ২) অর্থাৎ শীত ও গ্রীষ্মকালে বিদেশ যাত্রায় অভ্যস্থ। ৩) কাজেই তাদের উচিৎ এই ঘরের (কাবার) প্রতিপালকের ইবাদাত করা। ৪) যিনি তাদের ক্ষুধা থেকে রক্ষা করেছেন। ৫) এবং ভয় ভীতি থেকে তাদের নিরাপত্তা দিয়েছেন।





কুরবানী দিন এবং

আপনার

শিকড্-কাটা/নিমূল





তোমরা ইবাদাত কর

যার আমি ইবাদাত করি না

কাফিররা

ইবাদাতকারী আমি না এবং আমি ইবাদাত করি যার

ইবাদাতকারী

ইবাদাত করি

ইবাদাতকারী

তোমরা ইবাদাত কর যা

ধর্ম (দ্বীন) আমার জন্যে এবং তোমাদের ধর্ম (দ্বীন) তোমাদের জন্যে

অর্থ ঃ ১) (হে নাবী) বলুন, হে কাফিররা ২) আমি তার ইবাদাত করি না, যার ইবাদাত তোমরা কর। ৩) আর তোমরা তার ইবাদাত কর না, যার ইবাদাত আমি করি। ৪) আমি ইবাদাত কারী নই, তোমরা যার ইবাদাত কর। ৫) তোমরা ইবাদাত কর না, যার ইবাদাত আমি করি। ७) তোমাদের ধর্ম, তোমাদের জন্যে, আমার ধর্ম আমার জন্যে।

## সুরাতুল নাছর (অর্থ: সাহায্য)

আপনি দেখবেন এবং

প্রশংসার সাথে অপুনি তাসবীহ অতঃপর

হলেন তিনি নিশ্চয়ই

তাঁর (নিকট) ক্ষমা চান এবং আপনার রবের

অর্থ ঃ ১) যখন আল্লাহর সাহায্য আসবে, (এবং) তখন বিজয় লাভ হবে। ২) আর আপনি দেখতে পাবেন, দলে দলে মানুষ আল্লাহর ধর্মে প্রবেশ করছে। ৩) তখন আপনি আপনার রবের প্রশংসার সাথে তাসবীহ পাঠ করবেন, এবং তাঁর নিকট ক্ষমা প্রার্থনা করবেন। নিঃসন্দেহে তিনি তাওবা গ্রহণকারী।



আর্থ ৪ ১) ধ্বংস হোক আবি লাহাবের দুটি হাত এবং সে নিজেও ধ্বংস হোক। ২) সে যে সব ধন-সম্পদ অর্জন করেছে, তা তার কোন কাজে আসবে না। ৩) অচিরেই শিখা যুক্ত আগুনে সে প্রবেশ করবে। ৪) এবং তার স্ত্রীও জ্বালানী কাঠ বহনকারিণী (কুটনীবুড়ী)। ৫) তার গলায় শক্ত পাকানো রশি বাঁধা থাকবে।

## بِسُمِ اللهِ الرَّحْلُنِ الرَّحِيْمِ. (अर्थ: একতু) بِسُمِ اللهِ الرَّحْلُنِ الرَّحِيْمِ.





আর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন তিনি আল্লাহ এক। ২) আল্লাহ কারো মুখাপেক্ষী নন্। ৩) কখনও তিনি জন্ম দেন নি এবং তিনি কখনও জন্ম নেন নি। ৪) এবং কখনও কেহই তাঁর সমকক্ষ নয়।

## সূরা ইখলাস এর ফ্যলতঃ

হ্যরত আবু হোরাইরা (রা.) বর্ণনা করেন, একবার রসূল (সা.) বললেন, তোমরা স্বাই একত্রিত হয়ে যাও। আমি তোমাদেরকে কুরআনের তিনভাগের একভাগ শুনাব। অতঃপর যাদের পক্ষে সম্ভব ছিল তারা একত্রিত হয়ে গেল, তখন রসূল (সা্) আগমন করলেন এবং সূরা ইখলাস তিলাওয়াত করে শুনালেন। তিনি আরও বললেন, এ সূরাটি কুরআনের এক-তৃতীয়াংশের স্মান। (মুসলিম ও তির্মিজী)



আর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন, আমি সকাল বেলার স্রষ্টার কাছে আশ্রয় গ্রহণ করছি। ২) তিনি যা সৃষ্টি করেছেন তার অনিষ্ট হতে। ৩) অন্ধকার রাত্রির অনিষ্ট হতে, যখন তা আচ্ছন্ন করে। ৪) এবং গিরায় ফুঁক দানকারিণী নারীদের অনিষ্ট হতে। ৫) এবং হিংসুকের অনিষ্ট হতে, যখন সে হিংসা করে।

## بِسُحِ اللهِ الرَّحِيْمِ . (अर्थ: भानुष) بِسُحِ اللهِ الرَّحِيْمِ الرَّمِيْمِ الرَّمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِ الرَّمِيْمِ الْمِيْمِ الْمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الرَّمِيْمِ الْمِيْمِ الرَّمِيْمِ ا







আর্থ ঃ ১) (হে নাবী) আপনি বলুন, আমি মানুষের পালন কর্তার কাছে, আশ্রয় গ্রহণ করছি ২) মানুষের মালিকের নিকট ৩) মানুষের উপাস্যের নিকট ৪) আত্মগোপনকারী শয়তানের কুমন্ত্রণা হতে ৫) যে মানুষের অন্তরে কুমন্ত্রণা প্রদান করে ৬) জিন এবং মানুষ জাতির মধ্য থেকে।

## রুকু সাজদার তাস্বীহ্



রুকুতে বিলম্ব করা ওয়াজিব, তাস্বীহ্ পাঠ করা সুন্নাত, ৩/৫/৭বার পড়া যাবে।

অর্থ ঃ আমার সুমহান প্রতিপালকের পবিত্রতা ঘোষণা করছি।



রুকু থেকে দাড়াবার সময় এ তাসবীহু পড়া সুন্নাত, সোজা হয়ে খাড়া হওয়া ও বিলম্ব করা ওয়াজিব।

অর্থ ঃ আল্লাহ শুনেন, যিনি তাঁর প্রশংসা করেন।

সোজা হয়ে দাঁড়িয়ে পড়ার তাহ্মীদ



অর্থ ঃ হে আমাদের প্রতিপালক, সমস্ত প্রশংসা আপনার জন্যে। অধিক প্রশংসা পবিত্রতা বরকত (এই নামের) এর মধ্যে রয়েছে।

## সাজদার তাসবীহ্



